



আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবা

আন্তর্জাতিক সুরক্ষা অফিস

# আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীদের জন্য তথ্য পুস্তিকা

অনুগ্রহপূর্বক আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রমাণবলী পূরণ করার পূর্বে এই  
পুস্তিকার সকল তথ্য ভালোভাবে পড়ুন



## এই পুস্তিকা প্রণয়নের উদ্দেশ্য

এই পুস্তিকাটি আপনাকে আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার আবেদন প্রক্রিয়ার নিয়মকানুন সম্পর্কে জানতে সাহায্য করবে। আপনার অধিকার, বাধ্যবাধকতা, আবেদন ও পরীক্ষা চলাকালীন সময়ে সুপারিশের জন্য যোগাযোগের ব্যক্তি সম্পর্কে এই পুস্তিকায় বিশদ ব্যাখ্যা দেওয়া আছে। অন্যান্য বিষয়ে অনুমোদন পেতেও এই পুস্তিকাটি সাহায্য করবে।

## গুরুত্বপূর্ণ তথ্যাবলী

আপনি এই তথ্য পুস্তিকাটি সাথে রাখবেন যাতে আপনার আবেদন চলাকালীন সময় আপনি এটি থেকে উল্লেখ করতে পারেন।

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার মাধ্যমে আপনি একটি আইনি প্রক্রিয়ার মধ্যে প্রবেশ করেছেন। আবেদন প্রক্রিয়ার ও পরীক্ষার অংশ হিসেবে যে তথ্যাবলী প্রদান করতে হবে এবং যে কার্যাবলী সম্পাদন করতে হবে তা এই সুপারিশের মূল বিষয়। অতএব আপনার নিম্নলিখিত তথ্যগুলি সম্পূর্ণভাবে পড়া এবং প্রয়োজন অনুসারে আইনগত পরামর্শ চাওয়া খুবই গুরুত্বপূর্ণ যাতে আপনি আবেদন প্রক্রিয়ায় সহায়তা করার মত একটি অবস্থানে থাকেন। আপনাকে অবশ্যই International Protection Office-কে (আইপিও) সহযোগিতা করতে হবে। এরূপ করতে ব্যর্থ হলে আপনার আবেদনের প্রেক্ষিতে উল্টো আইনি বিপাকে পড়বেন।

আন্তর্জাতিক সুরক্ষা আইন ২০১৫ (the 2015 Act) এর ব্যাখ্যা অনুযায়ী আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনের পরীক্ষা এবং সেটি নির্ধারণে আইনি প্রক্রিয়া পরিচালনা করা সহ আয়ারল্যান্ডে অবস্থান করার এবং পারিবারিক পুনর্মিলনের অনুমতি সংক্রান্ত আদেশ ও প্রবিধান এই আইনের অধীনে প্রণীত। আপনি এই সম্পর্কিত আইনসমূহ বিস্তারিত জানতে নীচের ওয়েবসাইটগুলো [www.inis.gov.ie](http://www.inis.gov.ie) এবং [www.ipso.gov.ie](http://www.ipso.gov.ie) দেখুন।

এই পুস্তিকাটি শুধুমাত্র তথ্য ও দিকনির্দেশনার জন্য। এই পুস্তিকাটি কোনো আইনি নির্দেশিকা নয় এবং এটি ২০১৫ আন্তর্জাতিক সুরক্ষা আইনের কোনো আইনি ব্যাখ্যা প্রদান করে না। যদি আপনার ২০১৫ আইন সম্পর্কিত আরো তথ্যের প্রয়োজন হয় এবং তা যদি আপনার মামলায় প্রভাব ফেলে, তাহলে আপনার উচিত আইনি পরামর্শ সংগ্রহ করা।

যদিও এই পুস্তিকাটির বিষয়বস্তু ত্রুটিমুক্ত করার জন্য সকল চেষ্টা করা হয়েছে, এর মধ্যে থাকা ভুল বা বাদ পড়ার ভুলের জন্য কোনো প্রকার দায়বদ্ধতা গ্রহণযোগ্য হবে না। তাছাড়া, আইনি বাধ্যবাধকতার বাইরে এই পুস্তিকার কোনো কিছুই ন্যায়বিচার ও সমতা বিষয়ক মন্ত্রী (মন্ত্রী) বা আন্তর্জাতিক সুরক্ষা অফিসের কোনো কর্মকর্তা কর্মচারসহ অন্য কোনো পক্ষকে আইনি পথে বাধ্য করার জন্য প্রমাণ হিসেবে নেওয়া যাবে না।

আন্তর্জাতিক সুরক্ষা অফিস

আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবা

জানুয়ারি 2017



## সূচিপত্র

### অধ্যায় 1

### আন্তর্জাতিক সুরক্ষা কী এবং আমি এর জন্য কিভাবে আবেদন করতে পারি?

- 1.1 আন্তর্জাতিক সুরক্ষা কী?
- 1.2 আন্তর্জাতিক সুরক্ষার জন্য কে আবেদন করতে পারবে?
- 1.3 আমার ব্যক্তিগত পরিস্থিতির জন্য আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করা কি আইনসঙ্গত?
- 1.4 আন্তর্জাতিক সুরক্ষার জন্য আমি কোথায় আবেদন করব?
- 1.5 আন্তর্জাতিক সুরক্ষার জন্য আমার আবেদন নিয়ে কে সমঝোতা করবে?
- 1.6 অবস্থান করার অনুমোদন কী এবং আমি কিভাবে এটার জন্য আবেদন করতে পারি?
- 1.7 পারিবারিক পুনর্মিলন কী?

### অধ্যায় 2

### প্রয়োজনীয় শর্তাবলী

- 2.1 আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর (IPO) কী?
- 2.2 আন্তর্জাতিক সুরক্ষা পুনর্বিচার আদালত (IPTA) কী?
- 2.3 মন্ত্রী কে?
- 2.4 কাকে শরণার্থী হিসেবে গণ্য করা হয়?
- 2.5 সহায়ক নিরাপত্তা পাওয়ার উপযোগী কে?
- 2.6 গুরুতর ক্ষতি কী?
- 2.7 রিফাউলমেন্ট (Refoulement) নিষিদ্ধকরণ কী?
- 2.8 আন্তর্জাতিক সুরক্ষার আওতাধীন নয় কে?
- 2.9 EURODAC কী?
- 2.10 সাধারণ ভ্রমণ এলাকার সুযোগ কী?

### অধ্যায় 3

### আন্তর্জাতিক সুরক্ষা প্রক্রিয়া

- 3.1 যখন আমি আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করব তখন আমি কী কী প্রত্যাশা করতে পারি?
- 3.2 আবেদন প্রক্রিয়ার প্রাথমিক ধাপসমূহ কী?
- 3.3 কিভাবে আমার আবেদনের গ্রহণযোগ্যতা নিশ্চিত করতে পারি?
- 3.4 যদি আমি ইতোমধ্যে আগের কোনো একটি আন্তর্জাতিক সুরক্ষার আবেদনপত্রের ব্যাপারে সিদ্ধান্ত পেয়ে থাকি তাহলে কি আমি যুগপৎ আবার আবেদন করতে পারব?
- 3.5 প্রাথমিক সাক্ষাৎকার কী?
- 3.6 আমার কি আসুলের ছাপসহ অন্যান্য বায়োমেট্রিক তথ্য নেয়া হবে?
- 3.7 আমি কি আন্তর্জাতিক সুরক্ষা প্রক্রিয়া সম্পর্কে তথ্যাবলী লিখিত আকারে পাব?
- 3.8 আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করার সময় আমাকে সাথে করে কী কী আনতে হবে?
- 3.9 অস্থায়ীভাবে বসবাসের অনুমোদন (Temporary Residence Certificate, TRC) কী এবং আমি কখন এটি পাব?
- 3.10 যদি আমি প্রতিবন্ধী বা বিশেষ চাহিদা সম্পন্ন হই সেক্ষেত্রে কী বিধান হবে?
- 3.11 আমি কি পুলিশের কাছে আটক অবস্থায় আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করতে পারব?
- 3.12 কোন কোন ক্ষেত্রে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন অগ্রাহ্য হয়?
- 3.13 আমার উপর যদি ১৮ বছরের নীচে নির্ভরশীল কেউ থাকে সেক্ষেত্রে বিধান কী হবে?
- 3.14 আইনি পরামর্শ কোথায় পাব?
- 3.15 আমি কি আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রত্যাহার করতে পারব?

## অধ্যায় 4

### সাক্ষাৎকার ও পরীক্ষা

- 4.1 আমি আমার আন্তর্জাতিক সুরক্ষার সাক্ষাৎকারে কী প্রত্যাশা করতে পারি?
- 4.2 আমি কি আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের সাক্ষাৎকারের সময় আমাকে সাহায্য করার জন্য কাউকে আনতে পারব?
- 4.3 যদি আমি আমার সাক্ষাৎকারে যোগদান করতে না পারি অথবা ব্যর্থ হই তাহলে কী হবে?
- 4.4 আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা করার কোনো দায়িত্ব আছে কি এবং সেই দায়িত্ব পালনে ব্যর্থ হলে তার ফল কী হবে?
- 4.5 ব্যক্তিগত সাক্ষাৎকার ও মূল পরীক্ষার প্রক্রিয়া কী?
- 4.6 আমার সাক্ষাৎকারের পর কী হবে?
- 4.7 আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের সম্ভাব্য ফলাফল কী হতে পারে?
- 4.8 আমি যদি আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের 06 মাসের মধ্যে কোনো সুপারিশ না পাই সেক্ষেত্রে কী হবে?

## অধ্যায় 5

### পুনর্বিবেচনার আবেদন ও আন্তর্জাতিক সুরক্ষা

- 5.1 আমি কি আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন মঞ্জুর না করার ও অন্যান্য সুপারিশ না পাওয়ার কারণে পুনরায় আবেদন করতে পারব?
- 5.2 আমি কিভাবে পুনর্বিবেচনার আবেদন করব?
- 5.3 পুনর্বিবেচনার আবেদন জমা দেওয়ার সময়সীমা কত?
- 5.4 আমি কি আমার পুনর্বিবেচনার আবেদনের আইনি বৈধতা উপস্থাপন করতে পারব?
- 5.5 কত দ্রুততার সাথে আমার পুনর্বিবেচনার আবেদনের শুনানি হবে?
- 5.6 পুনর্বিবেচনার আবেদন প্রক্রিয়া সম্পর্কে অধিকতর তথ্য কোথায় পাব?

## অধ্যায় 6

### শরণার্থী ঘোষণা এবং সহায়ক সুরক্ষা অবস্থা

- 6.1 আমি একটি সুপারিশ পাওয়ার পর কী হবে?

## অধ্যায় 7

### আন্তর্জাতিক সুরক্ষা অনুমোদিত হওয়ার পর আপনার অধিকারসমূহ

- 7.1 আমি যদি আন্তর্জাতিক সুরক্ষার জন্য অনুমোদিত হই সেক্ষেত্রে আমার অধিকারসমূহ কী কী?

## অধ্যায় 8

### আন্তর্জাতিক সুরক্ষা প্রক্রিয়ায় আপনার অধিকার ও বাধ্যবাধকতাসমূহ

- 8.1 আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রক্রিয়ায় আমার অধিকারসমূহ কী কী?
- 8.2 আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রক্রিয়ায় আমার বাধ্যবাধকতাসমূহ কী কী?

## অধ্যায় 9

### সঙ্গীহীন শিশু

- 9.1 আমি যদি সঙ্গীহীন শিশু হিসেবে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করি সেক্ষেত্রে কী হবে?
- 9.2 যদি TUSLA- পরিবার ও শিশু এজেন্সি আমার জন্য আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করে সেক্ষেত্রে প্রক্রিয়া কিরূপ হবে?
- 9.3 আইনি সেবা কর্তৃপক্ষ (Legal Aid Board-LAB)-এর কাছে ১৮ বছরের নীচে কোনো শিশুকে প্রেরণ করার প্রক্রিয়া কী?

## অধ্যায় 10

### EU Dublin প্রবিধান

- 10.1 EU Dublin প্রবিধান কী?

## অধ্যায় 11

### স্বৈচ্ছায় ফেরত যাওয়ার সুযোগ

- 11.1 আমি কি স্বৈচ্ছা প্রবৃত্ত হয়ে আমার স্বদেশ/প্রাক্তন বসবাসকৃত দেশে ফিরে আসতে পারব?

## অধ্যায় 12

### অন্যান্য তথ্যাবলী?

- 12.1 আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রক্রিয়ায় অগ্রাধিকার পাওয়ার নিয়মাবলী কী?  
12.2 আন্তর্জাতিক সুরক্ষা অফিসে আমি যে তথ্যসমূহ দিয়েছি সেগুলোর কী হবে?

### অধ্যায় 13 অবস্থান করার অনুমোদন

- 13.1 আমি কিভাবে অবস্থান করার অনুমোদনের জন্য আবেদন করব?  
13.2 এই রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবস্থান করার অনুমোদন পাওয়া না পাওয়ার ক্ষেত্রে মন্ত্রীর সিদ্ধান্তের সাথে সম্পর্কিত তথ্যাবলী কী কী?  
13.3 যদি আমাকে অবস্থান করার অনুমোদন না দেওয়া হয় তাহলে কী হবে?  
13.4 যদি আমি এই রাষ্ট্রে বসবাসের অনুমতি পাই সেক্ষেত্রে কী হবে?  
13.5 অবস্থান চালিয়ে যাওয়ার ক্ষেত্রে পুনর্বিবেচনার আবেদন কিভাবে করতে হবে?  
13.6 যদি আমাকে অবস্থান করার অনুমোদন দেওয়া হয় কিন্তু আমি সুরক্ষার জন্য আইপিও এবং আইপিএটি এ আবেদন করি সেক্ষেত্রে কী হবে?  
13.7 আমাকে যদি পুনর্বিবেচনার আবেদন প্রক্রিয়ার পর আমার অবস্থান খারিজ করে দেওয়া হয় তাহলে কী হবে?

### অধ্যায় 14 পারিবারিক পুনর্মিলন

- 14.1 পারিবারিক পুনর্মিলন কী?  
14.2 এর কি কোনো নির্দিষ্ট সময়সীমা আছে?  
14.3 পরিবারের সদস্য কে?  
14.4 আন্তর্জাতিক সুরক্ষার আবেদনপত্র ও প্রমাণবলীতে কোন কোন তথ্য আমাকে অবশ্যই সংযুক্ত করতে হবে?  
14.5 আমি কিভাবে পারিবারিক পুনর্মিলনে কিভাবে আবেদন করব?

### অধ্যায় 15 আপনার বাসস্থান

- 15.1 অভ্যর্থনা/বাসস্থান সম্পর্কিত তথ্যাবলী

### পরিশিষ্ট – যোগাযোগের বিস্তারিত



## অধ্যায় 1

### আন্তর্জাতিক সুরক্ষা কী এবং আমি এর জন্য কিভাবে আবেদন করতে পারি?

#### 1.1 আন্তর্জাতিক সুরক্ষা কী?

1.1.1 আন্তর্জাতিক সুরক্ষা আইন ২০১৫-এর দুটি ফরম রয়েছে যার মধ্যে একটি শরণার্থী অবস্থা এবং অন্যটি সহায়ক সুরক্ষা।

#### অভিবাসনের অবস্থা

1.1.2 শরণার্থী হিসেবে বিবেচিত হতে হলে আপনাকে নিম্নলিখিত বিষয়সমূহের জন্য পরিষ্কারভাবে হয়রানি হওয়ার কারণ থাকতে হবে:

- (i) জাতি,
- (ii) ধর্ম,
- (iii) জাতীয়তা,
- (iv) রাজনৈতিক দৃষ্টিভঙ্গি বা
- (v) কোনো বিশেষ সামাজিক দলের সদস্যপদ,

উপর্যুক্ত কারণসমূহের জন্য যে ব্যক্তি তার নিজ দেশ ত্যাগ করে বর্তমানে দেশের বাইরে অবস্থান করছেন এবং একই ধরনের ভীতির কারণে দেশে সুরক্ষা পেতে ইচ্ছুক নন, অথবা কোনো রাষ্ট্রহীন ব্যক্তি যিনি একই কারণে দেশ ছেড়েছেন এবং দেশে ফিরতে ইচ্ছুক নন।

#### সহায়ক সুরক্ষা অবস্থা

1.1.3 যদি আপনি শরণার্থী হিসেবে বিবেচিত না হন সেক্ষেত্রে আপনি সহায়ক সুরক্ষার জন্য মনোনীত হতে পারবেন যদি এটা বিশ্বাস করার শক্ত কারণ থাকে যে নিজ দেশে ফিরে গেলে আপনাকে বড় কোনো ঝুঁকি বা মারাত্মক ক্ষতির মুখোমুখি হতে হবে। অধিকতর তথ্যের জন্য **অনুচ্ছেদ 2.5.1 দেখুন।**

#### 1.2 আন্তর্জাতিক সুরক্ষার জন্য কে আবেদন করতে পারবে?

1.2.1 ১৮ বছর বা তার বেশি বয়সের কোনো ব্যক্তি যিনি আয়ারল্যান্ডে বা আয়ারল্যান্ড সীমান্তে অবস্থান করছেন এমন ব্যক্তি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করতে পারবেন:

- (a) আবেদনকারীর নিজের জন্য
- (b) ১৮ বছরের নীচে এমন কারোর জন্য যার সুরক্ষার দায়িত্ব আবেদনকারীর।

1.2.2 এটি **অনুচ্ছেদ 1.2.1** এ উল্লেখিত আবেদনের সাথে সম্পর্কিত একটি বিষয়-

- (a) যাকে অনুমোদন দেওয়ার উপযুক্ত মনে হয় (**অনুচ্ছেদ 3.3 দেখুন**) বা
- (b) যদি পরবর্তীকালে কোনো আবেদন মন্ত্রীর অনুমতি অনুযায়ী গৃহীত হয় (**অনুচ্ছেদ 3.4 দেখুন**)

অনুগ্রহপূর্বক নির্ভরশীল সন্তানাদির ক্ষেত্রে **অনুচ্ছেদ 3.13** দেখুন।

- 1.3 **ব্যক্তিগত পরিস্থিতির ক্ষেত্রে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করা কি সঠিক উদ্যোগ?**
- 1.3.1 আপনি যদি আপনার পূর্বে বসবাসকারী রাষ্ট্রে/মূল রাষ্ট্রে ফিরতে ভয় পান শুধুমাত্র সেক্ষেত্রে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করতে পারবেন।
- 1.3.2 আপনার যদি এই রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবস্থান করতে **চাওয়ার পিছনে অন্য কোনো কারণ থাকে তবে অনুগ্রহপূর্বক সে বিষয়ে [www.inis.gov.ie](http://www.inis.gov.ie) এই ওয়েবসাইটটি দেখুন।**
- 1.4 **আমি কোথায় আমার আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করব?**
- 1.4.1 আপনাকে অবশ্যই **স্বশরীরে** উপস্থিত হয়ে মন্ত্রীর কাছে আপনার আবেদন জমা দিতে হবে। আপনি বিমানবন্দর বা নৌবন্দর যে পথেই হোক আয়ারল্যান্ডে পৌঁছানোর সাথে সাথেই আপনাকে নিম্নের ঠিকানায় এটি করতে হবে।

**International Protection Office,  
Irish Naturalisation and Immigration Service,  
79-83 Lower Mount Street,  
Dublin 2.  
D02 ND99**

- 1.5 **কে আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের বিষয়টিকে দেখাশোনা করবেন?**
- 1.5.1 আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করার মাধ্যমে আপনি এই অনুরোধ করছেন যে, মন্ত্রী আপনাকে শরণার্থী বা সহায়ক সুরক্ষার জন্য মনোনীত করুক।
- 1.5.2 একক আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন স্বাভাবিকভাবে আন্তর্জাতিক সুরক্ষা অফিসের আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা দ্বারা তদন্ত করা হবে। এটি আইরিশ জাতীয়তা ও অভিবাসন সেবা এর একটি অংশ যেটি বিচার এবং সমতা বিভাগের একটি অংশ। এই প্রক্রিয়ায় আইপিও'র অন্যান্য ব্যক্তিগণ ও সংযুক্ত থাকতে পারবেন।
- 1.6 **অবস্থান করার অনুমোদন কী এবং আমি কিভাবে এটার জন্য আবেদন করব?**
- 1.6.1 IPO যদি এই মর্মে সুপারিশ করে যে আপনি শরণার্থী বা সহায়ক সুরক্ষা পাওয়ার যোগ্য নন, মন্ত্রী সেক্ষেত্রে আপনি অন্য কোনো কারণে (উদাহরণস্বরূপ, ব্যক্তিগত বা পারিবারিক অবস্থার কারণে) আয়ারল্যান্ডে থাকতে পারবেন কি না সেটি বিবেচনা করবেন। আপনি অবশ্যই আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের প্রশ্নপত্রের সঠিক স্থানে উপযুক্ত তথ্য সরবরাহ করবেন।

আপনাকে অবশ্যই আপনার শরণার্থী বা অন্যান্য সুরক্ষার মঞ্জুরের সাথে সম্পর্কিত কোনো পরিবর্তনের বিষয়েও আইপিও (IPO) কে অবহিত করতে হবে।

এ সম্পর্কে **অধ্যায় 13**-তে বিশদ বর্ণনা দেওয়া আছে।

## 1.7 পারিবারিক পুনর্মিলন কী?

- 1.7.1 যদি আপনাকে শরণার্থী বা অন্যান্য সুরক্ষার জন্য অনুমোদন দেওয়া হয় সেক্ষেত্রে আপনি আপনার মঞ্জুরীর দিন হতে এক বছর পর আপনার পরিবারের অন্যান্য সদস্যদের জন্য আয়ারল্যান্ডে আসা ও বসবাস করার অনুমতির জন্য আবেদন করতে পারবেন। **শুধুমাত্র স্বামী/স্ত্রী, আইনি সঙ্গী (যার সাথে আপনি আপনার সুরক্ষার আবেদন মঞ্জুর হওয়ার সময় বিবাহিত ছিলেন বা আইনিভাবে সম্পর্কে জড়িত ছিলেন), ১৮ বছরের নীচে অবিবাহিত শিশু, কম গুরুত্বপূর্ণ সুরক্ষার মঞ্জুরীর ক্ষেত্রে, আবেদনকারীর ১৮ বাবা-মা বা ১৮ বছরের কম বয়সী শিশু)।**
- 1.7.2 মন্ত্রী তখন আপনার বিষয়টি তদন্ত করবেন এবং তিনি যদি দেখেন যে পারিবারিক পুনর্মিলনের শর্তানুযায়ী সেই ব্যক্তি আপনার পরিবারের একজন সদস্য সেক্ষেত্রে তিনি সেই ব্যক্তিকে বসবাস করার অনুমোদন প্রদান করবেন।
- 1.7.3 মন্ত্রী জননিরাপত্তা, বেসামরিক নীতি, বেসামরিক আইন বা উক্ত ব্যক্তির অভিযাসন পেতে ব্যর্থ হওয়া বা সহায়ক সুরক্ষার জন্য মনোনীত হওয়া ইত্যাদির সাথে সম্পর্কিত কোনো কারণে আপনার আবেদন বাতিল করতে পারেন।
- 1.7.4 এটা জেনে রাখা গুরুত্বপূর্ণ যে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করার সময় আপনার পরিবারের সকল সদস্য যারা পরবর্তীতে পারিবারিক পুনর্মিলনের জন্য অথবা শরণার্থী বা সহায়ক সুরক্ষার জন্য মন্ত্রী কর্তৃক বিবেচিত হতে পারবেন তাদের সম্পর্কেও বিস্তারিত তথ্য প্রদান করতে হবে।
- 1.7.5 অধিকতর তথ্যের জন্য **অধ্যায় 14** দেখুন।

## অধ্যায় 2 প্রয়োজনীয় শর্তাবলী

### 2.1 আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর (IPO) কী?

2.1.1 আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবা (INIS) এর অধীনে **একটি দপ্তর হচ্ছে আইপিও (IPO)**। যাদের দায়িত্ব হচ্ছে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রক্রিয়াকরণ করা। **আইপিও** এর প্রধান হলেন প্রধান আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা যিনি আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তাদের একটি দলকে পরিচালনা করেন। **আইপিও** এর কর্মকর্তারা মন্ত্রীর পক্ষে একজন ব্যক্তি আন্তর্জাতিক সুরক্ষা পেতে ব্যর্থ হলে তাকে অন্য কোনো উপায়ে রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবস্থান করতে দেওয়া হবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেন।

### 2.2 আন্তর্জাতিক সুরক্ষা আপিল ট্রাইব্যুনাল (আইপিএটি) কী?

2.2.1 আইপিএটি হল একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান যারা আন্তর্জাতিক সুরক্ষা আইন ২০১৫ ও অন্যান্য আইন বিবেচনা করে একজন ব্যক্তির আন্তর্জাতিক সুরক্ষার বিষয়ে পুনর্বিবেচনার আবেদন পর্যালোচনা করেন।

### 2.3 মন্ত্রী কে?

2.3.1 মন্ত্রী বলতে আইন ও সমতা বিষয়ক মন্ত্রীকে বুঝায়।

### 2.4 কাকে শরণার্থী হিসেবে বিবেচনা করা হয়?

2.4.1 শরণার্থী হিসেবে বিবেচিত হতে গেলে একজন মানুষের পক্ষে নিম্নোক্ত কারণসমূহের জন্য প্রকাশ্য ভয় বা ঝুঁকি থাকতে হবে তা হল:-

- (i) জাতি,
- (ii) ধর্ম,
- (iii) জাতীয়তা,
- (iv) রাজনৈতিক দৃষ্টিভঙ্গি অথবা
- (v) নির্দিষ্ট কোনো সামাজিক দলের সদস্যপদ,

এই সকল কারণে আপনি দেশের বাইরে অবস্থান করছেন এবং দেশে ফিরে গেলে এই সমস্ব ভীতির মুখোমুখি হওয়ার আশঙ্কা রয়েছে বা আপনি সেই রাষ্ট্রের নিরাপত্তা নিতে চান না, অথবা রাষ্ট্রহীন ব্যক্তি যিনি একই কারণে দেশ ছেড়েছেন এবং দেশে ফিরতে চান না।

নির্দিষ্ট কিছু শ্রেণির মানুষ রয়েছেন যারা শরণার্থী হিসেবে বিবেচিত হন না (**অনুচ্ছেদ 2.8** দেখুন)।

## 2.5 সহায়ক সুরক্ষার জন্য উপযুক্ত কে?

2.5.1 এটি শরণার্থী অবস্থার মতই আর একটি অবস্থা। এটি তখনই বিবেচনা করা হয় যখন একজন ব্যক্তি শরণার্থী হিসেবে মনোনীত হন না কিন্তু আইপিও মনে করেন যে সেই ব্যক্তি তার নিজের দেশে বাস্তবিক পক্ষে মারাত্মক ঝুঁকির মুখোমুখি হওয়ার আশঙ্কায় রয়েছে।

একজন ব্যক্তির সহায়ক সুরক্ষার উপযুক্ততার সারাংশ হলো:

- (i) যিনি ইউরোপীয়ান ইউনিয়নভুক্ত কোনো দেশের নাগরিক নন।
- (ii) যিনি অভিবাসী হিসেবে বিবেচিত নন।
- (iii) যার ক্ষেত্রে একথা বিশ্বাস করার সমূহ কারণ রয়েছে যে, উক্ত ব্যক্তি তার নিজ দেশে ফিরে গেলে জীবনহানিসহ মারাত্মক ঝুঁকির সম্ভাবনা রয়েছে।
- (iv) যাকে সহায়ক সুরক্ষার আবেদন থেকে বিশেষ কোনো কারণে বাতিল করা হয়নি।  
**অনুচ্ছেদ 2.8.2 দেখুন।**

## 2.6 মারাত্মক ক্ষতি কী?

2.6.1 *মারাত্মক ক্ষতি* অর্থ:

- (i) মৃত্যুদণ্ড বা ফাঁসি,
- (ii) একজন ব্যক্তির তার জন্মভূমিতে/সাবেক বসবাসকারী দেশে নির্যাতন বা অমানবিক আচরণ বা চিকিৎসার অপ্রতুলতার শিকার হওয়া ও শাস্তি দেওয়া, অথবা
- (iii) বেসামরিক জীবনপ্রবাহের প্রতি মারাত্মক হুমকি বা অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাতজনিত সহিংসতার শিকার হওয়া।

## 2.7 রিফাউলমেন্ট (Refoulement) নিষিদ্ধকরণ কী?

2.7.1 *রিফাউলমেন্ট* (Refoulement) নিষিদ্ধকরণ হচ্ছে মন্ত্রী কোনো অবস্থাতেই কাউকে এমন কোনো এলাকায় বহিষ্কার বা পাঠাতে পারবেন না, যেখানে মন্ত্রীর মতে,

- (i) গোত্র, ধর্ম, জাতীয়তা, বিশেষ সামাজিক দলের সদস্য হওয়া বা রাজনৈতিক মতামতের কারণে একজন মানুষের জীবন ও স্বাধীনতা হুমকির মুখোমুখি হতে পারে, বা
- (ii) সেই ব্যক্তির মৃত্যুদণ্ড, নির্যাতন, অন্যান্য অমানবিক অত্যাচার ও চিকিৎসার অপ্রতুলতার শিকার হওয়ার সম্ভাবনা রয়েছে।

একজন ব্যক্তি শরণার্থী বা অন্যান্য সহায়ক সুরক্ষার জন্য মনোনীত হন বা না হন, মন্ত্রী অবশ্যই এই দায়িত্বসমূহ পালন করবেন।

## 2.8 কাকে আন্তর্জাতিক সুরক্ষা থেকে বাদ দেয়া হয়?

2.8.1 যেক্ষেত্রে একজন ব্যক্তিকে আন্তর্জাতিক সুরক্ষা থেকে বাদ দেয়া হয় তা হলো:

- (i) তিনি জাতিসংঘের কোনো অঙ্গ-প্রতিষ্ঠান (United Nations High Commissioner for Refugees (UNHCR) ব্যতীত) যেমন জাতিসংঘের ত্রাণ ও পূর্ত সংস্থা (UNRWA) থেকে সুরক্ষা পাচ্ছেন এবং সেই সুরক্ষা ও সহযোগিতা বাতিল করা হয়নি।
- (ii) তিনি যে রাষ্ট্রে আশ্রয়গ্রহণ করেছেন সেই রাষ্ট্রের সকল বাধ্যতামূলক নাগরিক সুবিধা পাচ্ছেন, বা
- (iii) এটা বিশ্বাস করার দৃঢ় কারণ রয়েছে যে তিনি-
  - a. শান্তির বিরুদ্ধে আন্তর্জাতিক আইনে শাস্তিযোগ্য মারাত্মক কোনো অপরাধ করেছেন, যুদ্ধাপরাধ অথবা মানবতাবিরোধী অপরাধে জড়িত,
  - b. এই রাষ্ট্রে (আয়ারল্যান্ড) আসার আগে অন্য কোনো রাষ্ট্রে মারাত্মক কোনো অরাজনৈতিক অপরাধ করেছেন, বা
  - c. জাতিসংঘের মানদণ্ড ও উদ্দেশ্যের বিপরীত কোনো অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তি।

মনে রাখবেন এমন ব্যক্তি যিনি (iii) নং-এ উল্লেখিত কোনো অপরাধ বা অপরাধ সংশ্লিষ্ট কোনো কমিশনে কাজ করেছেন তার ক্ষেত্রেও এই বাতিলকরণ কার্যকর হবে।

2.8.2 এমন ব্যক্তিকে সহায়ক সুরক্ষার জন্য বিবেচনা করা হয়না যিনি,

- (i) আন্তর্জাতিক আইনে শাস্তিযোগ্য শান্তির বিরুদ্ধে মারাত্মক অপরাধ করেছেন, যুদ্ধাপরাধ, অথবা মানবতাবিরোধী অপরাধে জড়িত,
- (ii) মারাত্মক কোনো অপরাধ করেছেন,
- (iii) জাতিসংঘের মানদণ্ড ও উদ্দেশ্যের বিপরীত কোনো অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তি,
- (iv) সমাজ বা রাষ্ট্রের (আয়ারল্যান্ড) নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ কোনো বিপর্যয় সৃষ্টি করেছেন।

মনে রাখবেন যে, এমন ব্যক্তি যিনি (i) ও (iv) নং-এ উল্লেখিত কোনো অপরাধ বা অপরাধ সংশ্লিষ্ট কোনো কমিশনে কাজ করেছেন তার ক্ষেত্রেও এই বাতিলকরণ কার্যকর হবে।

2.8.3 যে ব্যক্তি রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) আসার আগে এমন কোনো অপরাধ করেছেন যেটি 2.8.2-এ উল্লেখিত নয়, যেটি রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) শাস্তিযোগ্য অপরাধ অথবা যিনি শুধুমাত্র তার নিজেরকৃত কোনো অপরাধের জন্য ফাঁসি এড়ানোর লক্ষ্যে দেশ ত্যাগ করেছেন তার ক্ষেত্রেও সহায়ক সুরক্ষার জন্য বিবেচনা করা হবেনা।

## 2.9 EURODAC কী?

EURODAC হচ্ছে EU Dublin Regulation এর সফল প্রয়োগের জন্য দুটি যোগাযোগকারী দেশের মধ্যে আগুলের ছাপ বিনিময় করার একটি ইলেকট্রনিক পদ্ধতি।  
ইইউ ডাবলিন রেগুলেশন (EU Dublin Regulation) সম্পর্কে জানতে **অধ্যায় ১০** দেখুন।

## 2.10 সাধারণ ভ্রমণ এলাকার সুযোগ কী?

2.10.1 স্বাভাবিক ভ্রমণ অঞ্চল (CTA) বলতে আয়ারল্যান্ড, যুক্তরাজ্য, দ্যা চ্যানেল আইল্যান্ড এবং দ্যা আইল অব ম্যান নিয়ে গঠিত অঞ্চলকে বোঝায়।

## অধ্যায় 3

### আন্তর্জাতিক সুরক্ষা প্রক্রিয়া

#### 3.1 যখন আমি আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করব তখন আমি কী প্রত্যাশা করতে পারি?

3.1.1 যখন আপনি আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করবেন তখন আপনি প্রত্যাশা করতে পারেন যে:

- (i) আপনাকে আপনার বয়স, অসমর্থতা, জাতীয়তা, বিশেষ জাতীয়তা, গোত্র, লিঙ্গ, যৌন সম্পর্ক বিষয়ক পছন্দ-অপছন্দ, ধর্ম ও বিশ্বাস নির্বিশেষে সম্মান ও উদারতার সাথে এবং নিরপেক্ষভাবে বিবেচনা করা হবে।
- (ii) আইপিও মেনে নিচ্ছে যে এই প্রক্রিয়া আপনার কাছে অপরিচিত হতে পারে এবং এই প্রক্রিয়ায় আপনাকে আপনার নিজের সম্পর্কে স্পর্শকাতর তথ্য সরবরাহ করতে হবে যা আপনার জন্য যন্ত্রণাদায়ক অভিজ্ঞতা হতে পারে।
- (iii) আপনার আবেদন বিবেচনায় নিতে আপনার অবস্থা পুরোপুরি বিবেচনায় নেয়া হবে, আইপিও আশা করে যে আপনার আবেদনের সাথে সম্পর্কযুক্ত নিজের সম্পর্কিত স্পর্শকাতর তথ্য যেমন ধর্ষণ, নির্যাতন, কোনো খারাপ আচরণ, অথবা আপনার যৌন আচরণ বিষয়ক কোনো তথ্য শেয়ার করার ক্ষেত্রে নিজেকে সম্পূর্ণ নিরাপদ ভাবুন। আপনার আবেদনের প্রেক্ষিতে প্রদত্ত সকল তথ্য আইন অনুযায়ী গোপন রাখা হবে এবং কোনো অবস্থাতেই তা আপনার নিজের দেশের কর্তৃপক্ষের কাছে বা আয়ারল্যান্ডে কর্মরত আপনার দেশের কোনো প্রতিনিধির কাছে প্রকাশ করা হবে না।
- (iv) যদি আপনি আপনার ব্যক্তিগত অভিজ্ঞতা কোনো নারী বা পুরুষের কাছে প্রকাশ করতে স্বাচ্ছন্দ্য বোধ করেন তাহলে সেক্ষেত্রে সম্ভব হলে আইপিও আপনার জন্য বিষয়টি সমন্বয় করার ব্যবস্থা করে দেবেন।
- (v) আপনি আইপিওর সাথে ইংরেজিতে কথা বলবেন নাকি দোভাষীর সহায়তা নিবেন সে সম্পর্কে জানতে চাওয়া হবে। সঠিক যোগাযোগের স্বার্থে প্রয়োজনীয় ও সম্ভাব্য ক্ষেত্রে আপনাকে দোভাষী দেয়া হবে।

#### 3.2 আবেদন প্রক্রিয়ার প্রাথমিক ধাপসমূহ কী কী?

3.2.1 এটি জেনে রাখা ভালো যে, আপনার আবেদন জমা দেওয়ার যোগ্য কি না এবং আইপিও কর্তৃক গৃহীত হবে কি না সেটি জানতে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করার আগে আপনাকে একটি প্রাথমিক মৌখিক সাক্ষাৎকার দিতে হবে।

#### 3.3 আমার আবেদনের গ্রহণযোগ্যতা কিভাবে নির্ধারণ করা হবে?

3.3.1 আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করার আগে প্রাথমিক সাক্ষাৎকারের অংশ হিসেবে আপনাকে অবশ্যই একজন আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তাকে এই মর্মে সন্তুষ্ট করতে হবে যে আপনার আবেদন গ্রহণযোগ্য।

- 3.3.2 আপনার আবেদন গ্রহণযোগ্য হবে না (এবং আপনিও সুরক্ষার জন্য আবেদন করতে বিবেচিত হবেন না) যদি:
- অন্য কোনো ইইউ ভুক্ত রাষ্ট্র আপনার শরণার্থী ও সহায়ক সুরক্ষার আবেদন মঞ্জুর করে থাকে, বা
  - ইইউ এর বাইরে অন্য কোনো সদস্য রাষ্ট্র
    - আপনাকে শরণার্থী হিসেবে স্বীকৃতি দিয়েছে এবং আপনি এখনো ইচ্ছা করলে সেই সুরক্ষা গ্রহণ করতে পারবেন, বা
    - আপনি বরং সেই দেশে ননরিফাউলম্যান্টের মূলনীতির উপর ভিত্তি করে প্রয়োজনীয় সুবিধাবলীসহ পর্যাপ্ত সুরক্ষা পাচ্ছেন এবং আপনাকে সেই দেশে পুনরায় প্রেরণ করা হবে।
- 3.3.3 আপনার প্রাথমিক সাক্ষাৎকারের উপর ভিত্তি করে একজন আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা আপনার আবেদনের গ্রহণযোগ্যতার উপর একটি সুপারিশনামা তৈরি করবেন।
- 3.3.4 যদি আপনি আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তার কাছ থেকে নেতিবাচক সুপারিশ পান সেক্ষেত্রে আপনাকে কারণসমূহ অবহিত করে একটি লিখিত প্রতিবেদন দেয়া হবে।
- 3.3.5 আপনি নির্ধারিত সময়ের মধ্যে সেই সুপারিশ পুনর্বিবেচনার জন্য আইপিএটিতে (IPATA) আবেদন করতে পারবেন। পুনর্বিবেচনার আবেদন সম্পর্কিত অধিকতর তথ্য **অধ্যায় 5** এ পাওয়া যাবে। **আইপিএটির সিদ্ধান্ত কোনো ধরনের মৌখিক শুনানি ছাড়াই তৈরি করা হবে।**
- 3.3.6 যদি আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা আপনার আবেদন অগ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করেন এবং সেটি আইপিএটি কর্তৃক নিশ্চিত করা হয় তাহলে মন্ত্রী অবশ্যই আপনার আবেদন অগ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করবেন।
- 3.3.7 যদি আপনার আবেদন আইপিও বা আইপিএটি কর্তৃক গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয় তাহলে মন্ত্রী সেটি আইপিও কর্তৃক তদন্ত ও চূড়ান্তকরণের জন্য গ্রহণ করবেন।
- 3.4 যদি আমি ইতোমধ্যে পূর্ববর্তী কোনো আন্তর্জাতিক সুরক্ষা বিষয়ক আবেদনের বিষয়ে সিদ্ধান্ত পেয়ে থাকি তাহলে আর নতুন করে আবেদন করার দরকার আছে কি (পরবর্তী আবেদন)?**
- 3.4.1 একজন ব্যক্তি আন্তর্জাতিক সুরক্ষার জন্য মন্ত্রীর সম্মতি ব্যতীত দ্বিতীয়বার আবেদন (পরবর্তী আবেদন) করতে পারবেন না।
- 3.4.2 আন্তর্জাতিক সুরক্ষার জন্য পরবর্তী আবেদন করার ক্ষেত্রে মন্ত্রীর সম্মতি নেয়ার জন্য মন্ত্রী বরাবর লিখিত আবেদন করতে হবে এবং আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা সেটি বিবেচনা করবেন।
- 3.4.3 দ্বিতীয়বার আবেদন করার যোগ্যতা অর্জন করার জন্য নিম্নোক্ত শর্তাবলী অবশ্যই প্রযোজ্য:
- যেহেতু পূর্বের আবেদন নিষ্পত্তি হয়ে গেছে, সেহেতু নতুন আবেদন করার ক্ষেত্রে আপনাকে আরো বেশি তথ্য উপাত্ত সরবরাহ করতে হবে যা আপনার আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার সম্ভাবনাকে অধিকতর জোরালো করে তুলবে এবং

আপনাকে দেখাতে হবে যে পূর্ববর্তী আবেদনে আপনার কোন ত্রুটি ছিলনা বরং আপনি এই সকল তথ্যাদি সঠিকভাবে উপস্থাপন করতে পারেননি,  
বা

- (ii) যদি পূর্বকার আবেদন প্রত্যাহার করে থাকেন বা প্রত্যাহৃত হিসেবে গণ্য হয়ে থাকে সেক্ষেত্রে দেখাতে হবে যে আপনি আপনার পূর্বের আবেদন আপনার কোনো ত্রুটির কারণে প্রত্যাহার করেননি বরং তা আপনি পরিচালনা করতে অসমর্থ হওয়ার কারণে প্রত্যাহার করেছিলেন।

- 3.4.4 যদি আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা আপনাকে মন্ত্রীর অনুমোদন পাওয়ার যোগ্য বিবেচনা করেন সেক্ষেত্রে মন্ত্রী আপনাকে পুনরায় আবেদন করার সম্মতি প্রদান করবেন।  
যদি আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা আপনাকে পুনরায় আবেদন করার জন্য মন্ত্রীর কাছে সুপারিশ না করেন তাহলে সেক্ষেত্রে আপনাকে কারণসমূহ উল্লেখপূর্বক লিখিতভাবে জানানো হবে।
- 3.4.5 আপনি নির্ধারিত সময়ের মধ্যে সেই সুপারিশ পুনর্বিবেচনার জন্য আইপিএটিতে আবেদন করতে পারবেন। পুনর্বিবেচনার আবেদন সম্পর্কিত অধিকতর তথ্য **অধ্যায় ৫** এ পাওয়া যাবে।  
**আইপিএটি এর সিদ্ধান্ত কোনো মৌখিক শুনানি ছাড়াই তৈরি করা হবে।** যদি আপনি পুনর্বিবেচনার আবেদন না করেন তাহলে মন্ত্রী আপনাকে পুনরায় আবেদনের অনুমতি দিবেন না।

### 3.5 প্রাথমিক সাক্ষাৎকার কী?

- 3.5.1 প্রাথমিক সাক্ষাৎকারের সময় আপনাকে অন্যান্য প্রশ্নের মধ্যে নিম্নোক্ত প্রশ্নসমূহ জিজ্ঞাসা করা হবে:

- (i) আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য একটি আবেদন করতে চান কি না এবং যদি তাই হয়, সাধারণভাবে আপনার আবেদনে নির্ভর করবে
- (ii) আপনার পরিচয়
- (ii) আপনার জাতীয়তা
- (iv) আপনার পূর্বের/স্থায়ী রাষ্ট্র
- (v) কোন পথে আয়ারল্যান্ডে এসেছেন, কোন যানবাহনের মাধ্যমে এসেছেন এবং আসার সময়  
আপনার সহযোগী কেউ থাকলে তার সম্পর্কে বিস্তারিত তথ্য,
- (vi) আয়ারল্যান্ডে আসার কারণ,
- (vii) আয়ারল্যান্ডে আপনার প্রবেশ বা অবস্থানের আইনি ভিত্তি।

- 3.5.2 আপনাকে আন্তর্জাতিক সুরক্ষার অন্তর্ভুক্ত করা যাবে কি না সেটি নিশ্চিত হতে আপনাকে আরো কিছু প্রশ্ন করা হবে (**অনুলেদ 3.3 এবং 3.4 দেখুন**)।

- 3.5.3 এই প্রাথমিক সাক্ষাৎকারটি প্রয়োজনীয় ও সম্ভাব্য স্থানে দোভাষীর সহযোগিতায় সম্পন্ন হবে।

- 3.5.4 সাক্ষাৎকার গ্রহণকারী কর্মকর্তা কর্তৃক এই সাক্ষাৎকারের রেকর্ড সংরক্ষণ করা হবে ও সাক্ষাৎকার গ্রহণ শেষে এটি আপনাকে পড়ে শোনানো হবে এবং প্রয়োজনীয় সংশোধনের সুযোগ দেয়া হবে। আপনাকে একটি ঘোষণাপত্রে এই মর্মে স্বাক্ষর করতে হবে যে প্রদত্ত সকল তথ্য সত্য এবং প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। আপনি এই ঘোষণাপত্রটি খুবই সতর্কতার সাথে পড়বেন যাতে প্রয়োজনীয়

কোনো তথ্য বাদ না যায়। সাক্ষাৎকারে কোনো ভুল তথ্য দিলে বা বোঝার ক্ষেত্রে কোনো ভুল হলে তার সকল দায়-দায়িত্ব আপনার। তারপর আপনাকে এই সাক্ষাৎকারের সম্মতিপত্রের একটি কপি দেয়া হবে।

- 3.5.5 আপনার সাক্ষাৎকারের ভিত্তিতে যদি আপনার আবেদন গ্রহণযোগ্য মনে হয় তাহলে আপনাকে একটি আবেদনপত্র পূরণের মাধ্যমে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার অনুমতি দেওয়া হবে।

### 3.6 আমার কি আঙ্গুলের ছাপ ও অন্যান্য বায়োমেট্রিক তথ্য নেয়া হবে?

- 3.6.1 আইপিও আপনার আঙ্গুলের ছাপ ও ছবিসহ বায়োমেট্রিক তথ্য নেবেন। আপনার পরিচয়পত্র তৈরির ও আপনি আগে ইইউ ডাবলিন রেগুলেশন (**অধ্যায় ১০ দেখুন**) এর আওতায় অন্য কোনো দেশে সুরক্ষার আবেদন করেছেন কি না সেটি নিশ্চিত হওয়ার জন্য এই তথ্যসমূহ নেয়া হবে। আপনার আবেদন পরীক্ষা-নিরীক্ষা করার জন্য আয়ারল্যান্ডই একমাত্র দায়বদ্ধ দেশ কি না সেটি নিশ্চিত হওয়ার জন্য এই সমস্ত তথ্যাবলী অন্যান্য ডাটাবেসের (EURODAC এবং VISA সহ) সাথে মিলিয়ে দেখা হবে।

14 বছরের নীচে কোনো আবেদনকারীর ক্ষেত্রে তার বাবা মায়ের উপস্থিতিতে বা প্রযোজ্য ক্ষেত্রে TUSLA শিশু ও পরিবার এজেন্সি কর্তৃক আবেদন প্রক্রিয়া পরিচালনার জন্য নিয়োগকৃত কোনো ব্যক্তির উপস্থিতিতে আঙ্গুলের ছাপ নেয়া হবে।

### 3.7 আমি কি আমার আন্তর্জাতিক সুরক্ষা প্রক্রিয়ার তথ্যাবলী লিখিত আকারে পাব?

- 3.7.1 এই পুস্তিকার সাথে আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা বিষয়ক আবেদনের প্রশ্নাবলী দেয়া হবে যেটি অবশ্যই সম্পাদনপূর্বক আইপিওতে জমা দিতে হবে। আপনাকে অবশ্যই আইপিও কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে এই সম্পাদিত প্রশ্নাবলী জমা দিতে হবে।

**যদি আপনি নির্ধারিত সময়ের মধ্যে প্রশ্নাবলী জমা দিতে ব্যর্থ হন সেক্ষেত্রে আপনি আপনার আবেদনের পরীক্ষায় সহযোগিতা করতে ব্যর্থ হিসেবে বিবেচিত হবেন। এই সম্পর্কে অনুচ্ছেদ 4.4 এবং 8.2 দেখুন।**

- 3.7.2 আপনার প্রশ্নাবলী সম্পাদনের পূর্বে প্রয়োজনীয় আইনি পরামর্শ গ্রহণের পরামর্শ দেওয়া হলো।

### 3.8 আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করার সময় কী কী নিয়ে আসতে হবে?

- 3.8.1 আপনি আপনার আবেদন করার সময় আপনার কাছে থাকা সকল নথিপত্র আইপিও এর কাছে নিয়ে আসবেন, যার মধ্যে:

- **পাসপোর্ট (সমূহ)** - আপনার, আপনার স্বামী/স্ত্রীর পাসপোর্ট বা আয়ারল্যান্ডে (প্রযোজ্য ক্ষেত্রে) আপনার উপর নির্ভরশীলদের পাসপোর্ট। এটা আইপিওকে আপনার বয়স, পরিচয় ও জাতীয়তা শনাক্ত করতে সাহায্য করবে। আপনি যদি আপনার বা

আপনাদের সবার আয়ারল্যান্ডে আসার জন্য ভূয়া পাসপোর্ট ব্যবহার করে থাকেন তাহলে সেটিও নিয়ে আসতে হবে।

- **অন্য সকল ভ্রমণ সম্পর্কিত নথিপত্র** - আপনার ভ্রমণ টিকেট, বোর্ডিং পাস ইত্যাদি এমনকি যদি সেগুলো পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্রে ব্যবহৃত নামে নাও হয়।
- **অন্যান্য নথিপত্র** - পরিচয়পত্র, জন্ম/বিয়ে/বিদ্যালয়ের প্রত্যয়নপত্র, সদস্যপদ পরিচয়পত্র এবং আপনার দাবির সাথে সংশ্লিষ্ট অন্য যেকোনো নথিপত্র।

3.8.2 আপনি আপনার আবেদনের স্বপক্ষে সম্ভাব্য সকল নথিপত্র যত দ্রুত সম্ভব আইপিওকে প্রদান করবেন। আপনি সেগুলো আইপিওতে নিয়ে আসবেন আর যদি সেই মুহূর্তে এই সমস্ত নথিপত্র প্রদান করতে ব্যর্থ হন তাহলে যত দ্রুত সম্ভব এই সমস্ত নথিপত্র যোগাড় করে মৌখিক সাক্ষাৎকারের আগেই সেগুলো আইপিওতে জমা দিবেন। আপনি এর কোনোটি করতে ব্যর্থ হলে আপনার আন্তর্জাতিক সুরক্ষার সাক্ষাৎকারের সময় নির্ধারণ করে দেয়া সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র প্রদান করবেন।

3.8.3 এই সম্পর্কিত পরিস্থিতির উপর নির্ভর করে আপনি যদি নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র প্রদান করতে ব্যর্থ হন তাহলে সেটি আন্তর্জাতিক সুরক্ষা প্রক্রিয়ায় আপনার সহযোগিতার দায়িত্ব পালনে ব্যর্থতা হিসেবে গণ্য হবে। **অনুচ্ছেদ 4.4 এবং 8.2 দেখুন।**

### 3.9 অস্থায়ী বসবাসের অনুমোদন (TRC) কী এবং আমি কখন এটি পাব?

3.9.1 আপনি যখন আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করবেন এবং আপনার আবেদন প্রাথমিক নিবন্ধনের অংশ হিসেবে গ্রহণযোগ্য বিবেচিত হবে তখন আপনি অস্থায়ী বসবাসের অনুমোদন (TRC) পাবেন। TRC হচ্ছে আপনার আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করার প্রমাণ।

3.9.2 টিআরসি (TRC) কোনো পরিচয়পত্র নয় কিন্তু এটাতে আপনার আইপিওতে প্রদত্ত নাম, জন্ম তারিখ এবং জাতীয়তার সাথে ছবিসহ সকল তথ্য দেয়া থাকবে।

3.9.3 টিআরসি (TRC) নবায়ন করা যাবে তবে সেটি সর্বদা মন্ত্রীর সম্পত্তি এবং মন্ত্রী কর্তৃক অনুরোধ করা মাত্রই এটি অবশ্যই ফেরত দিতে হবে। আপনার সুরক্ষার জন্য আয়ারল্যান্ডে আসা ও বসবাস করার বৈধতা অর্জনের সাথে সাথেই টিআরসি বাতিল হিসেবে গণ্য হবে।

3.9.4 যেহেতু টিআরসি আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের প্রেক্ষিতে আপনার আয়ারল্যান্ডে আসা এবং বসবাস করার অনুমোদন হিসেবে কাজ করে, সেহেতু এটি সর্বদা আপডেট রাখুন।

### 3.10 যদি আমি পঙ্গু বা বিশেষ চাহিদা সম্পন্ন হই ক্ষেত্রে কী হবে?

3.10.1 অনুগ্রহপূর্বক আপনার সাক্ষাতের জন্য যত তাড়াতাড়ি সম্ভব আইপিওকে আপনার বিশেষ চাহিদা সম্পর্কে অবহিত করুন। যেদিন আপনি আবেদন তৈরি করবেন সেদিন যদি কোনো সহায়তা প্রয়োজন হয় সে সম্পর্কেও আইপিওকে অবহিত করুন। সম্ভাব্য সকল ক্ষেত্রে আইপিও আপনার চাহিদা অনুযায়ী সকল প্রকার সহযোগিতা করার চেষ্টা করে যা আপনি আমাদের অবহিত করবেন।

### 3.11 আমি কি পুলিশ হেফাজতে বা আটক থাকা অবস্থায় আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করতে পারব?

- 3.11.1 আপনি হাজতে থাকা অবস্থায় অথবা রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) আটক থাকা অবস্থায় আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করতে পারবেন। আপনি যেখানে আটক আছেন শুধুমাত্র তার গভর্নরের মাধ্যমে সুরক্ষার জন্য আবেদন করতে পারবেন। আপনি তাৎক্ষণিকভাবে গভর্নরের দপ্তরে আপনার সুরক্ষার আবেদনের ইচ্ছার বিষয়ে জানাবেন। গভর্নর তখন আইপিওর সাথে সমন্বয় করে আপনার আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- 3.11.2 আইপিও একজন আটক ব্যক্তির আবেদনের বিষয়ে অগ্রাধিকারভিত্তিতে পরীক্ষা ও সিদ্ধান্ত গ্রহণের ব্যবস্থা করবে।

### 3.12 কোন কোন ক্ষেত্রে একজন আন্তর্জাতিক সুরক্ষার আবেদনকারী গ্রেফতার হতে পারেন?

- 3.12.1 একজন অভিযাসন কর্মকর্তা বা একজন গার্ডা সোচিয়ানা (Garda Siochana) এর সদস্য কোনো প্রকার ওয়ারেন্ট ছাড়াই একজন আবেদনকারীকে আটক করতে পারেন যদি তিনি মনে করেন যে আবেদনকারী:
- রাষ্ট্রের (আয়ারল্যান্ড) জননিরাপত্তা ও বেসামরিক শৃঙ্খলার প্রতি কোনোরূপ হুমকি সৃষ্টি করছেন,
  - রাষ্ট্রের (আয়ারল্যান্ডের) বাইরে মারাত্মক কোনো অরাজনৈতিক অপরাধ সংঘটন করছেন,
  - তার পরিচয় তৈরি করার জন্য যুক্তিসংগত চেষ্টা করেনি,
  - আয়ারল্যান্ড ছাড়তে পারেন এবং কোনোরূপ বৈধ কর্তৃপক্ষ ছাড়াই অন্য রাষ্ট্রে প্রবেশ করতে পারেন,
  - এমন কোনো কাজ করেছেন বা করতে ইচ্ছুক যেটা ক্ষতিগ্রস্ত করতে পারে
    - আয়ারল্যান্ডে মানুষের আন্তর্জাতিক সুরক্ষা গ্রহণের ব্যবস্থা, বা
    - সাধারণ ভ্রমণ এলাকা সম্পর্কিত এমন কোনো কাজ (অনুচ্ছেদ 2.10 দেখুন), বা
  - কোনো যুক্তিসংগত কারণ ছাড়াই-
    - তার ব্যক্তিগত ও ভ্রমণ সম্পর্কিত তথ্যাবলী নষ্ট করে ফেলেছেন, বা
    - জাল বা নকল পরিচয়পত্র ব্যবহার করছেন।
- 3.12.2 যদি আপনাকে উপর্যুক্ত কারণসমূহের জন্য আটক করা হয় তাহলে আপনাকে নির্ধারিত স্থানে আটক রাখা হবে। একজন আটক ব্যক্তিকে যত দ্রুত সম্ভব জেলা আদালতে হাজির করা হবে যেখানে তাকে সর্বোচ্চ 21 দিনের আটকাদেশ বা শর্তসাপেক্ষে মুক্তি দেওয়া হতে পারে। আটকের সময় আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের নিষ্পত্তির উপর নির্ভর করে বার বার সর্বোচ্চ 21 দিন পর্যন্ত আটকাদেশ বৃদ্ধি পেতে পারে। এই বিধানসমূহের অধীনে আটক ব্যক্তি একজন আইনি প্রতিনিধির সাথে পরামর্শ করতে পারবেন এবং আইনি প্রতিনিধি ও আদালতের সাথে যোগাযোগ করার জন্য দোভাষী নিতে পারবেন।

### 3.13 যদি আমার উপর ১৮ বছরের কম বয়সী কোনো নির্ভরশীল কেউ থাকে সেক্ষেত্রে কী হবে?

3.13.1 কোনো নির্ভরশীল ১৮ বছরের কমবয়সী শিশু যদি আয়ারল্যান্ডের নাগরিক না হয় তাহলে আপনার আবেদনে সম্পৃক্ত করার জন্য বিবেচনা করা হবে। এই বিবেচনার ক্ষেত্রে আপনার আবেদনের সময় সেই শিশু রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) উপস্থিত বা অনুপস্থিত সেটি বিবেচ্য নয়।

3.13.2 সুতরাং, আপনি যদি আয়ারল্যান্ডে আপনার আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেন তাহলে আপনি আপনার উপর নির্ভরশীল শিশুর পক্ষেও আবেদন করবেন যে আয়ারল্যান্ডের নাগরিক নয় এবং

(a) আবেদন করার সময় সে রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) অবস্থান করছে এবং বয়স ১৮ বছরের নীচে,

(b) আপনি আবেদনকারী থাকা অবস্থায় সে রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) জন্মগ্রহণ করেছেন,

(c) তার বয়স ১৮ বছরের নীচে এবং আপনি আবেদনকারী থাকা অবস্থায় সে রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) এসেছে।

3.13.3 আপনি যদি আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেন এবং যদি আপনার উপর নির্ভরশীল কোনো সন্তান থাকে তাহলে আবেদন করার সময় তাকে অবশ্যই সাথে করে আইপিওতে নিয়ে আসতে হবে।

3.13.4 গুরুত্বপূর্ণ: যদি আপনি আবেদন করার পর আপনার বাচ্চার জন্ম হয় বা আবেদন করার পর আপনার উপর নির্ভরশীল কেউ আয়ারল্যান্ডে আসে তাহলে যত দ্রুত সম্ভব তাকে আইপিওতে নিয়ে আসতে হবে।

### 3.14 আমি কোথায় আইনি পরামর্শ পেতে পারি?

3.14.1 আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করার জন্য একজন আইনি প্রতিনিধির সাথে যোগাযোগ করতে পারবেন। অথবা আপনি আইনি সহায়তা বোর্ড (LAB) এর সহায়তা নিতে পারবেন যা আপনাকে,

(i) আপনার আবেদনের প্রেক্ষিতে আপনাকে আইনি পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।

(ii) আপনার আন্তর্জাতিক সুরক্ষা বিষয়ক প্রশ্নাবলী সমাধান করতে সহায়তা করাসহ আপনি যদি আয়ারল্যান্ডে বসবাসের জন্য মন্ত্রীর অনুমোদন প্রার্থনা করে বিশেষ কোনো ক্ষেত্র যুক্ত করতে চান সেক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ দেবে।

(iii) আপনার আন্তর্জাতিক সুরক্ষা বিষয়ক সাক্ষাৎকারের প্রস্তুতিতে এবং মন্ত্রী বরাবর আপনার কোনো লিখিত প্রতিবেদন তৈরিতে সহায়তা করবে।

(iv) আপনার আবেদনের কোনো নেতিবাচক সুপারিশের ক্ষেত্রে, যেকোনো আবেদনের জন্য প্রতিনিধি প্রদান করা হবে যা আন্তর্জাতিক সুরক্ষা আপিল ট্রাইব্যুনালে (IPAT) আপনার পুনর্বিবেচনার আবেদনে সহায়তা প্রদান করবে।

3.14.2 ল্যাবের (LAB) সাথে যোগাযোগের বিস্তারিত এই ডকুমেন্টের পরিশিষ্টে (Annex) যুক্ত করা হয়েছে।

3.14.3 আপনি যদি ল্যাবের (LAB) সেবা নিতে না চান তাহলে সেক্ষেত্রে আপনি আপনার নিজস্ব খরচে ব্যক্তিগত আইনি প্রতিনিধি নিয়োগ করতে পারবেন। যদি আপনি ব্যক্তিগত আইনি প্রতিনিধি নিয়োগ দিতে চান তবে অবশ্যই নিশ্চিত হতে হবে যে তিনি রাষ্ট্রের প্রাকটিস করার জন্য একজন নিবন্ধিত আইনজীবী বা ব্যারিস্টার।

### 3.15 আমি কি আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রত্যাহার করতে পারব?

3.15.1 স্বাভাবিকভাবে একজন আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা আপনার প্রতিবেদন তৈরির পূর্বে আপনি যেকোনো সময়ে আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রত্যাহার করতে পারবেন। আইপিওকে আপনার আবেদন প্রত্যাহারের বিষয়টি জানিয়ে একটি আবেদন করার মাধ্যমে আপনি সেটি করতে পারবেন। এই আবেদনে আপনার সর্বশেষ ঠিকানা, যোগাযোগের নম্বর ও স্বাক্ষর সংযুক্ত করতে হবে। আপনার আবেদনে যদি আপনার উপর নির্ভরশীল শিশুদের বিষয় সংযুক্ত থাকে তাহলে আপনি আপনার প্রত্যাহার আবেদনে তাদের বিষয়ে বিস্তারিত তথ্য প্রদান করবেন।

3.15.2 আপনার আবেদন প্রত্যাহারের ফলে আইপিএটিতে আপনার আবেদন আর থাকবে না এবং মন্ত্রী আপনার অভিযাসন ও সহায়ক সুরক্ষা আবেদন বাতিল করবেন। লক্ষ্য করুন যে, মন্ত্রী সেক্ষেত্রে আপনি অন্য কোনো ক্ষেত্রে অবস্থান করতে পারবেন কি পারবেন না সেটি আর বিবেচনা করবেন না। আপনার যদি আয়ারল্যান্ডে অবস্থান করার আর কোনো ভিত্তি না থাকে তাহলে সেক্ষেত্রে আপনার নির্বাসিত হওয়ার ঝুঁকি থাকবে।

3.15.3 আন্তর্জাতিক সুরক্ষা আবেদন প্রত্যাহারের পূর্বে আপনার উচিত আইনি পরামর্শ গ্রহণ করা যাতে আপনি আপনার সিদ্ধান্তের ফলাফল সম্পর্কে পুরোপুরি উপলব্ধি করতে পারেন।

## অধ্যায় 4 সাক্ষাৎকার ও পরীক্ষা

- 4.1 আমি আমার আন্তর্জাতিক সুরক্ষার সাক্ষাৎকারে কী প্রত্যাশা করতে পারি?**
- 4.1.1 আইপিও কর্তৃক আপনাকে আপনার আন্তর্জাতিক সুরক্ষা সাক্ষাৎকারে স্থান, সময় ও তারিখ সম্পর্কে লিখিতভাবে জানানো হবে। আপনার সাক্ষাৎকার ব্যক্তিগতভাবে নেয়া হবে। আপনি যদি নারী/পুরুষ সাক্ষাৎকার গ্রহণকারী এবং দোভাষীর আবেদন করেন তাহলে আইপিও প্রয়োজনীয় ও সম্ভাব্য ক্ষেত্রে সেটি ব্যবস্থা করে দেবে।
- 4.1.2 কেন আপনি নিজের দেশ ত্যাগ করেছেন এবং সেখানে ফিরে যাওয়ার জন্য কেন ভয় পাচ্ছেন সে বিষয়ে আইপিওর কাছে বিস্তারিত তুলে ধরতে সাক্ষাৎকার আপনার জন্য বিরাট একটি সুযোগ। আপনার জন্য সাক্ষাৎকারে অংশগ্রহণ করা খুবই গুরুত্বপূর্ণ এবং আমরা এটি যথাসম্ভব সংবেদনশীল ও নির্ভরযোগ্য করে তুলব। অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার হলো যে আপনাকে অবশ্যই সঠিকভাবে বলতে হবে যে আপনার সাথে কী ঘটেছে এবং আপনার নিজের দেশে ফিরে যেতে কেন ভয় পাচ্ছেন সে বিষয়ে বিস্তারিত বর্ণনা দিতে হবে।
- 4.1.3 আপনাকে এমন একটি ভাষায় সাক্ষাৎকার দিতে হবে যেটি বুঝতে ও বলতে পারেন। আপনার সাক্ষাৎকারের একটি লিখিত রেকর্ড সংরক্ষণ করা হবে এবং নিয়মিত বিরতিতে আপনাকে সেটি পড়ে শোনানো হবে যাতে আপনি প্রয়োজনীয় সংশোধন বা সংযোজন করতে পারেন। প্রদত্ত তথ্যের সত্যতা নিশ্চিত করার জন্য আপনাকে সাক্ষাৎকারের লিখিত রেকর্ডের প্রত্যেক পাতায় স্বাক্ষর করতে হবে।
- 4.1.4 আপনাকে আপনার সাক্ষাৎকারের সাথে সম্পর্কিত সকল তথ্য প্রদান করতে হবে এবং সম্ভব হলে সেটি আগেই দিতে হবে। যদি আপনার আরো কোনো প্রমাণ থাকে যেটা আপনি সাক্ষাৎকারের পরে জমা দিতে চান তাহলে সেটি আইপিও কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।
- 4.1.5 আমরা আপনার আবেদনপত্রে বা পরীক্ষার সময় উল্লেখকৃত যেকোনো দুর্বলতা বা লিঙ্গ বিষয়ক তথ্য বিবেচনায় রাখব।
- 4.1.6 **আপনাকে অবস্থানের অনুমোদন সম্পর্কিত বিষয়ে সুরক্ষা সাক্ষাৎকারে সরাসরি কোনো প্রশ্ন করা হবে না। সাক্ষাৎকার আপনার সুরক্ষা আবেদনের উপর আলোকপাত করবে।** যাহোক, যদি এমন কোনো ব্যাপার উঠে আসে (যেমন- আপনার পারিবারিক অবস্থা), সেগুলো আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তাগণ কর্তৃক লিখিতভাবে সংরক্ষণ করা হবে। যদি আইপিও সুপারিশ করেন যে আপনি আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার যোগ্য নন, সেক্ষেত্রে আপনি অন্য কোনোভাবে অবস্থান করতে পারেন কি না তা বিবেচনা করা হবে এবং আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের সময় প্রদত্ত যেকোনো তথ্য সে সময় বিবেচিত হবে।
- 4.2 আমি কি আমার আন্তর্জাতিক সুরক্ষা বিষয়ক সাক্ষাৎকারে আমাকে সাহায্য করার জন্য কাউকে আনতে পারব?**
- 4.2.1 আপনার সাক্ষাৎকার ব্যক্তিগতভাবে অনুষ্ঠিত হবে। আপনার আইনগত প্রতিনিধি সাক্ষাৎকারে উপস্থিত থাকতে পারে। যদি আপনি লিগ্যাল এইড বোর্ডের (Legal Aid Board)

কাছ থেকে আইনগত উপদেশ গ্রহণ করে থাকেন, তাহলে আপনার যাচাই করা উচিত যে আপনার আইনগত প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন কি না। সাধারণত অন্য কেউ উপস্থিত থাকতে পারেনা তবে আপনার বয়স যদি ১৮ বছরের নীচে হয় সেক্ষেত্রে আপনার বাবা-মা বা TUSLA কর্তৃক নিয়োগকৃত প্রতিনিধিকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

- 4.2.2 আপনার সাথে আগত ব্যক্তি আপনার পক্ষে কোনো প্রশ্নের উত্তর দিতে পারবেন না।
- 4.2.3 আপনি চাইলে আপনার সাথে আইনি প্রতিনিধি নিয়ে আসতে পারেন, তিনি সাক্ষাৎকার পর্যবেক্ষণ করতে অনুমোদিত হবেন। আপনার আইনগত প্রতিনিধিকে সাক্ষাৎকারের শুরুতে এবং শেষে কোনো প্রয়োজনীয় ক্ষেত্র তৈরির জন্য সুযোগ দেয়া হবে। তবে তারা আপনার হয়ে কোনো প্রশ্নের উত্তর দিতে পারবে না।

### 4.3 যদি আমি আমার সাক্ষাৎকারে যোগদান করতে না পারি বা যোগদান করতে ব্যর্থ হই তাহলে কী হবে?

- 4.3.1 **আপনার দায়িত্ব হচ্ছে সক্রিয়ভাবে পরীক্ষা প্রক্রিয়ায় সহযোগিতা করা, শুধুমাত্র শারীরিক অসুস্থতা বা অন্য কোনো বিশেষ কারণে সাক্ষাৎকার বিলম্বিত হতে পারে।** আপনি যদি মনে করেন আপনার সাক্ষাৎকারের সময় কোনো সমস্যা হতে পারে তাহলে সেটি যত দ্রুত সম্ভব আইপিওকে জানানো উচিত। আপনাকে আপনার অসুস্থতার প্রমাণস্বরূপ আপনার সাক্ষাৎকারের আগেই ডাক্তারের (GP or Consultant) নিকট হতে সনদ আইপিওকে দেখাতে হবে।
- 4.3.2 আপনি যদি নির্ধারিত তারিখ ও সময়ে ব্যক্তিগত সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে না পারেন এবং পরবর্তী তিন কর্মদিবসের মধ্যে উপযুক্ত কারণসহ তথ্যাদি আইপিওকে দেখাতে না পারেন সেক্ষেত্রে আইপিও আপনার আবেদনের সাথে প্রদত্ত কাগজপত্র অনুযায়ী তদন্ত শুরু করবে। অন্য কথায়, আপনি সরাসরি আপনার সমস্যাগুলো ব্যাখ্যা করার সুযোগ হারাবেন এবং সাক্ষাৎকারের জন্য আবেদনপত্রে আপনার পূর্ব প্রদত্ত প্রস্তাবনী এবং আপনার উপস্থাপিত কাগজপত্রের অন্যান্য তথ্যের উপর ভিত্তি করে বিবেচিত হবে।

### 4.4 আমার কি আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা করার কোনো দায়িত্ব আছে এবং সেই দায়িত্ব পালনে ব্যর্থ হলে কী হবে?

- 4.4.1 আন্তর্জাতিক সুরক্ষা আবেদন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে সহযোগিতা করা আপনার দায়িত্ব।
- 4.4.2 আপনার সহযোগিতা করার দায়িত্ব বিশাল বিস্তৃত, তার মধ্যে
- (i) আপনার আবেদন প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকল তথ্যাদি সঠিকভাবে প্রদান করতে হবে (আপনার আবেদনের গুরুত্বপূর্ণ তথ্যাবলী এর সাথে সম্পৃক্ত) এবং
- (ii) আপনার আবেদন সম্পর্কে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে সকল পরীক্ষায় সহযোগিতা করা।
- 4.4.3 এছাড়াও আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা আইন ২০১৫ এর সকল প্রবিধান মেনে চলতে হবে। এ সম্পর্কিত **অধ্যায় ৪** দেখুন।

4.4.4 যদি মন্ত্রী মনে করেন যে:

- (i) আপনি আপনার সুরক্ষা আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা করতে ব্যর্থ হছেন, বা
- (ii) আপনি মন্ত্রীর অনুমোদন ব্যতীত আয়ারল্যান্ড ত্যাগ করা বা না করার ব্যাপারে বাধ্যবাধকতা ভঙ্গ করেছেন, বা
- (iii) আপনি আপনার ঠিকানা ও ঠিকানা সম্পর্কিত পরিবর্তন সম্পর্কে মন্ত্রীকে জানানোর বাধ্যবাধকতা ভঙ্গ করেছেন, বা
- (iv) আপনি নিম্নোক্ত শর্তাবলী সম্বলিত একটি নোটিশ মেনে চলতে ব্যর্থ হয়েছেন যে:
  - একটি নির্ধারিত জেলায় বসবাস বা রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবস্থান করা, এবং
  - নির্দিষ্ট সময় পরপর একজন অভিবাসন কর্মকর্তার কাছে বা নির্ধারিত গার্ডা সোচিয়ানা স্টেশনে (Garda Síochána station) আপনার উপস্থিতি রিপোর্ট করা,

মন্ত্রী আপনাকে লিখিত এই বিষয়সমূহ জানাবেন এবং পরবর্তী 10 কর্মদিবসের মধ্যে আপনাকে তার জবাব দিতে হবে। আপনি আপনার আবেদন প্রক্রিয়া চলমান রাখতে চান কি না সে বিষয়ে জানতে চাওয়া হবে এবং আপনার দায়িত্ব ও সহযোগিতা সম্পর্কে সতর্ক করা হবে।

4.4.5 যদি

(a) আপনি উত্তর না দেন

অথবা আপনার উত্তর অনুযায়ী,

(b) মন্ত্রী বিবেচনা করেন যে আপনি আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা করছেন না,

আপনার আবেদন ইতিপূর্বে প্রদত্ত তথ্যাবলীর উপর ভিত্তি করে পরীক্ষা করা হবে।

4.5 ব্যক্তিগত সাক্ষাৎকারসহ মূল পরীক্ষা পদ্ধতি কী?

4.5.1 আইপিও আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন যাচাই করবেন এজন্যে যে:

- প্রথমত, আপনি শরণার্থী হওয়ার মত অবস্থায় আছেন কি না এবং যদি না হয়,
- আপনি সহায়ক সুরক্ষা পাওয়ার যোগ্য কি না।

4.5.2 পরীক্ষা পদ্ধতিতে সাধারণত প্রয়োজনীয়

- একটি ব্যক্তিগত সাক্ষাৎকার,
- আপনার প্রদত্ত সকল তথ্যাবলীর উপর একটি লিখিত বা মৌখিক পরীক্ষা, এবং

- আপনার পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে একটি প্রতিবেদন। রিপোর্টে আপনি আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার যোগ্য কি না সেটি তুলে ধরা হবে।

### ব্যক্তিগত সাক্ষাৎকার

- 4.5.3 ব্যক্তিগত সাক্ষাৎকারের উদ্দেশ্য হচ্ছে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার দাবির বিস্তারিত তথ্যাবলী সংগ্রহ করা। সঙ্গী বা স্বামী/স্ত্রীকে আলাদাভাবে জিজ্ঞাসাবাদ করা হয়।
- 4.5.4 সাক্ষাৎকারে আপনার উচিত
- (i) আপনি কেন আন্তর্জাতিক সুরক্ষা প্রার্থনা করছেন তা পরিষ্কার ও সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করা,
  - (ii) আপনার পরিজন কেউ থাকলে তার জন্য কেন আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করছেন তা পরিষ্কার ও সংক্ষিপ্ত আকারে বলা, যদি প্রযোজ্য হয়,
  - (iii) আপনার ও আপনার পরিজনের সুরক্ষার আবেদনের ব্যাপারে সকল তথ্য সরবরাহ করা যেমন কেন আপনি ও আপনার পরিজনরা আপনাদের নিজ দেশে ফিরতে পারছেন না ইত্যাদি।
- 4.5.5 সম্পূর্ণ ও সঠিকভাবে তথ্য সরবরাহ করা আপনার দায়িত্ব। **এই কাজে ব্যর্থ হলে সেটি আপনার জন্য সহযোগিতা করতে ব্যর্থ হওয়া হিসেবে গণ্য হবে** (উপরের অনুচ্ছেদ 4.4.4 এবং 4.4.5 দেখুন)।
- 4.5.6 সাক্ষাৎকারে সাক্ষাৎকার গ্রহণকারী প্রয়োজন মনে করলে আপনার আবেদনে উল্লেখিত পরিজনকেও প্রশ্ন করতে পারবেন।
- 4.5.7 সাক্ষাৎকারে ভালো যোগাযোগের সহায়তা নিশ্চিত করার জন্য যদি প্রয়োজন এবং সম্ভব হয় তাহলে একজন দোভাষী নির্ধারণ করা যেতে পারে।
- 4.5.8 দোভাষী এই সাক্ষাৎকারের গোপনীয়তা রক্ষা করতে বাধ্য এবং তিনি কোনো অবস্থাতেই এই সাক্ষাৎকারের কোনো তথ্য অন্য কারো কাছে প্রকাশ করতে পারবেন না।
- 4.5.9 আপনি এমন একজন ব্যক্তির কাছে সাক্ষাৎকার দিবেন যাকে আন্তর্জাতিক সুরক্ষা প্রত্যাশীদের সাক্ষাৎকার গ্রহণের বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং তিনি আপনার সাবেক রাষ্ট্র/মূল রাষ্ট্র সম্পর্কে বিস্তারিত অবগত।
- 4.5.10 সাক্ষাৎকার গ্রহণকারী কর্তৃক আপনার সাক্ষাৎকারের একটি লিখিত/প্রিন্টকৃত নথি রাখা হবে এবং আপনি ইচ্ছা করলে তাতে প্রয়োজনীয় সংশোধন করতে পারবেন। আপনাকে উক্ত নথির প্রতিটি পাতায় স্বাক্ষর করতে বলা হবে এটি নিশ্চিত করার জন্য যে সেটি আপনার সাক্ষাৎকার অনুযায়ী সঠিকভাবে লিখিত হয়েছে। **আপনি যদি মনে করেন যে উক্ত নথির কিছু তথ্য আপনার বক্তব্য অনুযায়ী সঠিকভাবে লেখা হয়নি তাহলে সেক্ষেত্রে আপনি সেটি সরাসরি সাক্ষাৎকার গ্রহণকারীকে অবহিত করবেন এবং সাক্ষাৎকার গ্রহণকালীন সময়ে আপনাকে সেটি সংশোধনের সুযোগ দেয়া হবে।**

- 4.5.11 আপনি আপনার সাক্ষাৎকারের স্বপক্ষে আইপিও বরাবর লিখিত প্রতিবেদন দাখিল করতে পারবেন। UNHCR বা এই আবেদনের সাথে সম্পর্কিত অন্য কোনো ব্যক্তিও সেটি করতে পারবেন। এটা প্রত্যাশিত যে এ ধরনের যেকোনো প্রতিবেদন সাক্ষাৎকার গ্রহণের পূর্বেই সম্পাদন করা হবে। আইপিও সাক্ষাৎকার গ্রহণের পূর্বে বা সাক্ষাৎকার গ্রহণের সময় এ ধরনের যেকোনো প্রতিবেদন বিবেচনায় নেবেন এমনকি সাক্ষাৎকার গ্রহণের পরেও সেটি বিবেচনায় নেয়া হতে পারে সেক্ষেত্রে উক্ত প্রতিবেদন অবশ্যই আপনার আবেদনের রিপোর্ট তৈরি হওয়ার আগেই জমা দিতে হবে।
- 4.5.12 ব্যক্তিগত সাক্ষাৎকার পরিহার করা হতে পারে যদি আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা মনে করেন যে:
- আবেদনকারী ব্যক্তিকে শরণার্থী হিসেবে ঘোষণা করার জন্য পর্যাপ্ত পরিমাণে সাক্ষ্য প্রমাণ থাকে,
  - আবেদনকারীর বয়স ১৮ বছরের নীচে এবং এতটাই ছোট ও অপরিপক্ব হয় যে তার ক্ষেত্রে সাক্ষাৎকার ফলপ্রসূ হবে না,
  - আবেদনকারী এমন কোনো স্থায়ী সমস্যার কারণে সাক্ষাৎকার দিতে অসমর্থ যেটি তার নিয়ন্ত্রণের বাইরে।

## **আপনার আবেদনের পরীক্ষা এবং সুপারিশের প্রস্তুতি**

### **4.6 আমার সাক্ষাৎকারের পর কী হবে?**

4.6.1 আইপিও আপনার সাক্ষাৎকারের ভিত্তিতে সকল তথ্যাদি বিশ্লেষণ করে আপনার আন্তর্জাতিক সুরক্ষার বিষয়ে একটি সুপারিশ তৈরি করবেন।

### **4.7 আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের সম্ভাব্য ফলাফল কী হতে পারে?**

4.7.1 একজন আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তা আপনার সকল তথ্য বিশ্লেষণ করে সুপারিশসহ একটি প্রতিবেদন তৈরি করবেন। নীচের যেকোনো একটি সুপারিশ হতে পারে:

- আপনাকে শরণার্থী হিসেবে ঘোষণা করা হোক
- আপনাকে অভিবাসী হিসেবে ঘোষণা করা যাবে না তবে আপনাকে সহায়ক সুরক্ষার জন্য মনোনীত করা হোক, বা
- আপনাকে অভিবাসী বা সহায়ক সুরক্ষার কোনোটাই প্রদান করা হবে না।

4.7.2 যদি আপনাকে অভিবাসী বা সহায়ক সুরক্ষার কোনোটাই বিবেচনা করা না হয় সেক্ষেত্রে আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তার সুপারিশে আরো যা কিছু উল্লেখ থাকতে পারে:

- আপনার আবেদনে উল্লেখিত বিষয়বলী আন্তর্জাতিক সুরক্ষার সাথে সম্পর্কিত নয় বা খুবই কম মাত্রায় সম্পর্কিত।

- (ii) আপনি আপনার আবেদনপত্রে অসংলগ্ন, অনুপযোগী ও বিভক্তিমূলক তথ্য প্রদান করেছেন যা আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনকে পুরোপুরি অনির্ভরযোগ্য করে তুলেছে,
- (iii) সুযোগ পাওয়া সত্ত্বেও আপনি আপনার আবেদন যথাযথ দ্রুততার সাথে জমা দিতে পারেননি।
- (iv) আপনার নিজের দেশে আপনার জন্য পর্যাপ্ত নিরাপত্তা বিদ্যমান থাকায় আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য বিবেচিত হন না।
- (v) আপনার নিজের দেশ/মূল রাষ্ট্র নিরাপদ হিসেবে স্বীকৃত।

একটি রিপোর্টে যখন উল্লেখিত বিষয়সমূহের কোনো একটি উল্লেখ থাকে, তখন স্বল্পতম সময়ের মধ্যে সেটি আইপিএটি এর কাছে পুনর্বিবেচনার আবেদন করা যেতে পারে। পুনর্বিবেচনার আবেদন সম্পর্কে জানতে **অধ্যায় 5** দেখুন।

4.7.3 একক প্রক্রিয়ার অংশ হিসেবে যদি আপনাকে অভিবাসন বা সহায়ক সুরক্ষার জন্য মনোনীত করা না হয় সেক্ষেত্রে মন্ত্রী আপনাকে আয়ারল্যান্ডে অবস্থান করার অনুমতি দেয়ার ব্যাপারে অন্যান্য কারণসমূহ বিবেচনা করবেন। পুনর্বিবেচনার আবেদন প্রক্রিয়া সম্পর্কে জানতে **অধ্যায় 13 এবং অনুচ্ছেদ 1.6** দেখুন।

4.7.4 তারপর মন্ত্রী আপনাকে ও আপনার আইনি প্রতিনিধিকে (যদি পরিচিত থাকে) আন্তর্জাতিক সুরক্ষা কর্মকর্তার সুপারিশ সম্পর্কে রেজিস্টার্ড ডাকের মাধ্যমে অবহিত করবেন। যদি সুপারিশটি আপনার শরণার্থী অবস্থা মঞ্জুরের বিষয়ে হয় তাহলে সেক্ষেত্রে শুধু আপনাকে জানানো হবে।

যদি আপনাকে শরণার্থী বা শরণার্থী অবস্থা ও সহায়ক সুরক্ষার কোনটির জন্যই মনোনীত করা না হয় তাহলে আপনাকে যা পাঠানো হবে:

- (i) সুপারিশের কারণসমূহের একটি লিখিত প্রতিবেদন,
- (ii) সুপারিশসহ এক কপি রিপোর্ট, এবং
- (iii) আইপিএটিতে পুনর্বিবেচনার আবেদন করার প্রয়োজনীয় তথ্যাবলী।

4.7.5 যদি আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য বিবেচিত না হন, তাহলে আপনি অন্য কোনোভাবে আয়ারল্যান্ডে থাকতে পারবেন কি না সে বিষয়ে কারণ উল্লেখপূর্বক মন্ত্রীর সিদ্ধান্ত জানতে পারবেন।

4.7.6 আপনি আপনাকে আন্তর্জাতিক সুরক্ষার জন্য বিবেচনা না করার জন্য আইপিএটি বরাবর আবেদন করতে পারবেন। আইপিএটির সিদ্ধান্ত আপনাকে এবং আপনার আইনি প্রতিনিধিকে জানানো হবে।

4.7.7 আপনি আপনাকে অবস্থান করতে না দেয়ার বিষয়ে মন্ত্রীর সিদ্ধান্তের বিরুদ্ধে পুনর্বিবেচনার আবেদন করতে পারবেন না।

4.7.8 যদি আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা মঞ্জুর না করার বিষয়ে পুনর্বিবেচনার আবেদন করেন এবং আইপিএটি সেই সুপারিশটি তুলে ধরে তাহলে মন্ত্রী নতুন প্রদত্ত তথ্যের ভিত্তিতে এবং পরিবর্তিত প্রেক্ষাপটে আপনার বিষয়ে সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন (অনুচ্ছেদ 13.5 দেখুন)।

**4.8 যদি আমি আমার আবেদনের 6 মাসের মধ্যে কোনো সুপারিশ না পাই সেক্ষেত্রে কী হবে?**

4.8.1 যদি আপনি আপনার আবেদনের 6 মাসের মধ্যে কোনো সুপারিশ না পান সেক্ষেত্রে আপনার অনুরোধমত মন্ত্রী একটি নির্দিষ্ট সময় উল্লেখ করবেন যে সময়ের মধ্যে আপনি আপনার সুপারিশ পেতে পারেন। যাহোক, এই নির্ধারিত সময়ের মধ্যে সুপারিশ তৈরি করার জন্য আইপিও বাধ্য নয়।

## অধ্যায় 5 আপিল ও আন্তর্জাতিক সুরক্ষা

- 5.1 আমাকে আন্তর্জাতিক সুরক্ষার জন্য বিবেচনা করা না হলে আমি কি পুনর্বিবেচনার আবেদন করতে পারব?**
- 5.1.1 হ্যাঁ, যদি এই সুপারিশ করা হয় যে আপনি অভিবাসন বা সহায়ক সুরক্ষা পাওয়ার উপযুক্ত নন তাহলে আপনি সেই সুপারিশ পুনর্বিবেচনার আবেদন করতে পারবেন।
- 5.1.2 আপনি অন্যান্য যেসব সুপারিশ পুনর্বিবেচনার আবেদন করতে পারবেন সেগুলো হলো:
- (i) আপনার সুরক্ষা আবেদন গ্রহণযোগ্য নয়, বা
  - (ii) আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য পরবর্তীতে আবেদন করতে পারবেন না।
- 5.2 আমি কিভাবে পুনর্বিবেচনার আবেদন করব?**
- 5.2.1 আপনাকে অবশ্যই আন্তর্জাতিক সুরক্ষা আপিল ট্রাইব্যুনালে একটি পুনর্বিবেচনার আবেদন পাঠাতে হবে। আপনি যে সুপারিশ পাবেন সেই সুপারিশের একটি অনুলিপি আপনার পুনর্বিবেচনার আবেদনের সাথে যুক্ত করতে হবে।
- 5.3 পুনর্বিবেচনার আবেদন করার সময়সীমা কী?**
- 5.3.1 এ সম্পর্কিত সময়সীমার বিস্তারিত বর্ণনা আপনার সুপারিশে দেয়া থাকবে।
- 5.4 আমি কি আমার পুনর্বিবেচনার আবেদনের একটি আইনি প্রতিবেদন তৈরি করতে পারব?**
- 5.4.1 হ্যাঁ, আপনি আপনার পুনর্বিবেচনার আবেদন সম্পর্কে আপনার আইনি প্রতিনিধির সাথে আলোচনা করবেন। আপনার যদি আইনি প্রতিনিধি না থাকে তাহলে আইনি সহায়তা বোর্ডের সাথে যোগাযোগ করতে পারেন, অথবা আপনি নিজের খরচে একজন ব্যক্তিগত উকিল সংগ্রহ করতে পারেন।
- 5.5 আমার পুনর্বিবেচনার আবেদন কত দ্রুততার সাথে শুনানি হবে?**
- আন্তর্জাতিক সুরক্ষা অফিস শুনানির বিস্তারিত বিষয়ে আপনার সাথে যোগাযোগ করবে।
- 5.6 আমি পুনর্বিবেচনার আবেদন প্রক্রিয়া সম্পর্কে অধিক তথ্য কোথায় পাব?**
- 5.6.1 আন্তর্জাতিক সুরক্ষা আবেদন পুনর্বিবেচনার সাথে সম্পর্কিত সকল তথ্য আইপিএটির ওয়েবসাইট [www.protectionappeals.ie](http://www.protectionappeals.ie) তে পাওয়া যাবে।

## অধ্যায় 6

### অভিবাসন বা সহায়ক সুরক্ষার অবস্থা ঘোষণা

#### 6.1 আমি একটি সুপারিশ পাওয়ার পর কী হবে?

6.1.1 যদি আইপিও আপনাকে শরণার্থী বা সহায়ক সুরক্ষার জন্য সুপারিশ করে এবং আইপিএটি সেটি অক্ষুণ্ণ রাখে তাহলে সেক্ষেত্রে মন্ত্রী আপনার শরণার্থী বা সহায়ক সুরক্ষার মধ্যে যেটি প্রযোজ্য সেটি যত তাড়াতাড়ি সম্ভব প্রদান করবেন। এটি নীচের **অনুচ্ছেদ 6.1.4** এর সাথে সম্পর্কিত একটি বিষয়।

6.1.2 যদি আইপিও সুপারিশ করে যে আপনার কোনো একটি ঘোষণা মঞ্জুর করা হবে না এবং

(i) আপনি পুনর্বিবেচনার আবেদন না করেন অথবা

(ii) আপনি পুনর্বিবেচনার আবেদন করে ব্যর্থ হন

সেক্ষেত্রে মন্ত্রী আপনাকে যেকোনো একটির জন্য ঘোষণা দিতে অস্বীকৃতি জানাবেন।

6.1.3 আপনি আয়ারল্যান্ডের নাগরিক হওয়ার ক্ষেত্রে আপনার শরণার্থী ও সহায়ক সুরক্ষা বাতিল হয়ে যাবে।

6.1.4 এমনকি যদি আইপিও সুপারিশ করে বা আইপিএটি সিদ্ধান্ত নেয় যে আপনি একজন শরণার্থী, মন্ত্রী ইচ্ছা করলে যে ক্ষেত্রে আপনার ঘোষণা বাতিল করে দিতে পারেন তা হলো:

(i) আপনাকে রাষ্ট্রের (আয়ারল্যান্ড) নিরাপত্তার জন্য বিপদজনক ভাবার যুক্তিসংগত ক্ষেত্র থাকলে, বা

(ii) রাষ্ট্রে (আয়ারল্যান্ড) বা রাষ্ট্রের (আয়ারল্যান্ড) বাইরে থাকা অবস্থায় নিরাপত্তার জন্য হুমকিমূলক কোনো অপরাধ সংঘটন করলে।

## অধ্যায় 7

### আন্তর্জাতিক সুরক্ষা গৃহীত হলে আপনার অধিকারসমূহ

- 7.1 **আমি যদি আন্তর্জাতিক সুরক্ষা পাই তাহলে আমার অধিকারসমূহ কী হবে?**
- 7.1.2 আপনি যখন আন্তর্জাতিক সুরক্ষা আইন ২০১৫ এর অধীনে আন্তর্জাতিক সুরক্ষা বা শরণার্থী হিসেবে ঘোষিত হবেন তখন আপনি যে সমস্ত বিষয়ের অধিকারী হবেন তা হলো:
- (i) একজন আইরিশ নাগরিকের মতই সমানাধিকারের ভিত্তিতে কোনো চাকরিতে ঢুকতে পারবেন, ব্যবসা শুরু করতে পারবেন বা শিক্ষা গ্রহণসহ সকল নাগরিক সুবিধা ভোগ করতে পারবেন;
  - (ii) একজন আইরিশ নাগরিকের জন্য প্রযোজ্য সকল সুবিধা, একই মেডিকেল সেবা বা অন্যান্য সামাজিক সুবিধা ভোগ করতে পারবেন;
  - (iv) কমপক্ষে তিন বছরের জন্য আয়ারল্যান্ডে বাস করতে পারবেন এবং উক্ত সময় শর্তসাপেক্ষে নবায়নযোগ্য; এবং
  - (iv) আইরিশ নাগরিকদের মতই রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবাধ চলাচলের অধিকার ভোগ করবেন এবং আপনাকে ভ্রমণ বিষয়ক কাগজপত্র দেয়া হবে;

**অধ্যায় ৪**  
**আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রক্রিয়ায় আপনার অধিকার ও**  
**বাধ্যবাধকতাসমূহ**

**৪.১ আন্তর্জাতিক সুরক্ষা প্রক্রিয়ায় আমার অধিকারসমূহ কী কী?**

৪.১.১ যদি আপনার বিষয়টি EU Dublin Regulation এর অন্তর্ভুক্ত না হয় তাহলে যার ক্ষেত্রে অন্য আইন প্রযোজ্য (**অধ্যায় ১০ দেখুন**), তাহলে একজন আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী হিসেবে আপনি নিম্নোক্ত সুবিধাসমূহ ভোগ করবেন:

- (i) আপনি আইপিও কর্তৃক আপনার আবেদন এবং আইপিএটি আপনার আপিলের কার্যক্রম পরিচালনা করতে আয়ারল্যান্ডে আসতে ও থাকতে মন্ত্রী কর্তৃক অনুমোদিত হবেন। **অনুচ্ছেদ ৪.১.২ দেখুন।**
- (ii) আপনি সঠিকভাবে যোগাযোগের জন্য সম্ভাব্য ও প্রয়োজনীয় ক্ষেত্রে একজন দোভাষী পাওয়ার অধিকারী হবেন।
- (iii) আইনি সহায়তা বোর্ডের পরামর্শ ও সাহায্য পাওয়ার জন্য অধিকারী হবেন। বিকল্পভাবে, আপনি চাইলে নিজের খরচে ব্যক্তিগত আইনজীবী নেয়ার সুযোগ পাবেন।
- (iv) আপনি ইউএনএইচসিআর (UNHCR)-এ যোগাযোগ করতে পারবেন। যোগাযোগের বিস্তারিত পরিশিষ্টে জানা যাবে।
- (v) আপনি আপনার আবেদন মন্ত্রী বরাবর জমা দিতে পারবেন। এই জমা প্রক্রিয়া লিখিত হতে হবে।
- (vi) অভ্যর্থনা এবং একত্রীকরণ এজেন্সি (RIA) আপনাকে আপনার আবেদন চলাকালীন সময়ে একটি বাসস্থানের (সম্পূর্ণ খাবারের ব্যবস্থাসহ) ব্যবস্থা করে দিতে পারে। এই প্রস্তাব গ্রহণের ক্ষেত্রে আপনাকে গৃহ আইন মেনে চলতে হবে যা [www.ria.ie](http://www.ria.ie) -তে পাওয়া যাবে। আরআইএ (RIA) যোগাযোগের বিস্তারিত বিবরণ পরিশিষ্টে জানা যাবে।
- (vii) আপনার প্রদত্ত সকল তথ্য গোপন রাখা হবে। তবে এসব তথ্য আপনার বিষয়ে কাজ করছেন এমন অন্যান্য ব্যক্তিবর্গকে প্রদান করা হবে যেমন আইরিশ সরকার, অভিবাসন কর্তৃপক্ষ, আইরিশ পুলিশ এবং স্থানীয় কর্তৃপক্ষ। এটি এই সমস্ত প্রতিষ্ঠানকে তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করতে সাহায্য করবে। কিছু তথ্য ইউ ডাবলিন রেগুলেশনের অন্তর্ভুক্ত অন্যান্য দেশেও দেয়া হতে পারে।
- (viii) আপনার আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের সাথে সংশ্লিষ্ট যেকোনো অ্যাপয়েন্টমেন্ট, সাক্ষাৎকার, সিদ্ধান্ত বা অন্য কোন বিস্তৃতি আইপিও, আইপিএটি অথবা মন্ত্রী আপনার প্রদত্ত ঠিকানায় আপনার সকল পরীক্ষা, সিদ্ধান্ত বা অন্যান্য সকল বিষয়ের জন্য লিখিতভাবে যোগাযোগ করবেন।

8.1.2 আপনার অস্থায়ী বসবাসের অনুমোদন ততদিন বলবৎ থাকবে যতদিন আপনি আবেদনকারী হিসেবে থাকবেন, উদাহরণস্বরূপ মন্ত্রী যখন আপনাকে শরণার্থী বা অন্যান্য সুরক্ষার জন্য প্রত্যাহ্বান করবেন বা আপনি ইইউ ডাবলিন রেগুলেশনের অধীনে অন্য রাষ্ট্রে স্থানান্তরিত হবেন।

## 8.2 আন্তর্জাতিক সুবক্ষা প্রক্রিয়ায় আমার বাধ্যবাধকতাগুলো কী কী?

8.2.1 একজন আবেদনকারী হিসেবে আপনার বাধ্যবাধকতাসমূহ নিম্নরূপ:

- (i) রাষ্ট্রের (আয়ারল্যান্ড) সকল আইনকানুনসহ আপনার উপর বিশেষ কোনো দায়িত্ব অর্পিত হলে তা অবশ্যই পালন করতে হবে।
- (ii) আপনার আবেদনের সহায়তার জন্য আপনার অবস্থানের তথ্য জমা এবং নথিভুক্তকরণসহ আবেদনের সকল বিষয়ের তদন্তে এবং যেকোনো আবেদন নির্ধারণে সম্পূর্ণরূপে সহযোগিতা করা আপনার কর্তব্য।
- (iii) আপনার ঠিকানা পরিবর্তিত হলে, অবশ্যই তা আইপিওকে লিখিতভাবে বিস্তারিত বিবরণ প্রদানপূর্বক দ্রুত জানাতে হবে। এমনকি আপনি যদি অভ্যর্থনা এবং একত্রীকরণ এজেন্সি (RIA) কর্তৃক স্থানান্তরিত হন তবুও জানাতে হবে। **এতে ব্যর্থ হলে অপরাধ হিসেবে বিবেচিত হবে।**
- (iv) আইপিও বা আইপিএটির কাছে আপনার নাম, ঠিকানা, জাতীয়তা এবং ব্যক্তিগত পরিচয় নম্বর পরিষ্কারভাবে আপনার অস্থায়ী বসবাসের অনুমোদনপত্রে উল্লেখ করুন।
- (v) আপনি কোনো অবস্থাতেই আপনার আবেদন চলাকালীন মন্ত্রীর অনুমতি ব্যতীত রাষ্ট্র (আয়ারল্যান্ড) ত্যাগ বা ত্যাগের চেষ্টা করতে পারবেন না। মন্ত্রীর অনুমতি ব্যতীত রাষ্ট্র ত্যাগ করলে **অপরাধ** হিসেবে বিবেচিত হবে।
- (vi) কোনো ব্যবসা, বাণিজ্য অথবা পেশা অর্জনের জন্য চেষ্টা বা যোগদান বা চাকরীরত বা নিয়োজিত হতে পারবেন না। চাকরীতে অথবা ব্যবসায় নিয়োজিত হলে **অপরাধ** হিসেবে বিবেচিত হবে।
- (vii) আপনাকে অথবা আপনার আইনি প্রতিনিধিকে অবশ্যই আইপিও বা আইপিএটি কর্তৃক প্রদত্ত আপনার সকল কাগজপত্র সংরক্ষণ করতে হবে।
- (viii) আপনাকে রাষ্ট্রের (আয়ারল্যান্ড) **নির্দিষ্ট একটি জেলা বা কোনো স্থানে বসবাস বা অবস্থান করতে হতে পারে।** এতে ব্যর্থ হলে **অপরাধ** হিসেবে বিবেচিত হবে।
- (ix) আপনাকে **নির্দিষ্ট সময় পরপর** অভিবাসন কর্মকর্তার নিকট অথবা নির্দিষ্ট পুলিশ স্টেশনে **হাজিরা দিতে হতে পারে।** এতে ব্যর্থ হলে **অপরাধ** হিসেবে বিবেচিত হবে।
- (x) আপনার আবেদনের সাথে সম্পৃক্ত তথ্য সরবরাহের ক্ষেত্রে আপনাকে **সর্বদা সত্যনিষ্ঠ** থাকতে হবে এবং এতে ব্যর্থ হলে **অপরাধ** হিসেবে বিবেচিত হবে।

- (xi) আপনার প্রশ্নপত্রে আপনার অবস্থানের অনুমতি পাওয়া বা না পাওয়ার উপর মন্ত্রীর সিদ্ধান্তের সাথে সংশ্লিষ্ট যেকোনো তথ্য উল্লেখ করা উচিত। এছাড়াও আপনার আবেদন তৈরির সময় এবং আপনার সুরক্ষা আবেদনের মূল্যায়নের প্রতিবেদন প্রস্তুতির সময় আপনার অবস্থানের অনুমতি পাওয়ার উপর মন্ত্রীর সিদ্ধান্তের সাথে সংশ্লিষ্ট হতে পারে এমন যেকোনো তথ্য উল্লেখ করা উচিত। এছাড়াও আপনার অবস্থা পরিবর্তনের বিষয়েও মন্ত্রীকে অবহিত করা উচিত যা এই বিষয়ে দ্রুত মন্ত্রীর সিদ্ধান্তের সাথে সংশ্লিষ্ট হতে পারে। অবস্থানের অনুমতি সম্পর্কিত তথ্য **অধ্যায় 13** এ পাওয়া যাবে।
- (xii) আপনার দখল, নিয়ন্ত্রণ বা আইপিও অথবা আইপিএটির সংগ্রহে উপলব্ধ, বাস্তবসম্মত উপায়ে যত তাড়াতাড়ি সম্ভব আপনার সকল প্রাসঙ্গিক তথ্য তৈরি করা উচিত।

### **অত্যাৱশ্যক**

**8.2.2** আপনাকে অবশ্যই আপনার আইনি প্রতিনিধির বিস্তারিত তথ্যসহ (নাম, ঠিকানা, ফোন নম্বর ইত্যাদি) আইপিও অথবা আইপিএটিকে (যেটি উপযুক্ত) **প্রদান করতে হবে এবং আইনি প্রতিনিধির যেকোনো পরিবর্তন যত দ্রুত সম্ভব জানাতে হবে।** এটি করতে ব্যর্থ হলে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনের সংশ্লিষ্ট যোগাযোগ এবং সিদ্ধান্তের জন্য আপনার আইনগত প্রতিনিধির কাছ থেকে পরামর্শ ও সহায়তা গ্রহণের প্রক্রিয়া ব্যাহত হতে পারে।

## অধ্যায় 9 সঙ্গীহীন শিশু

- 9.1 **আমি যদি সঙ্গীহীন শিশু হিসেবে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করি তাহলে সেক্ষেত্রে কী হবে?**
- 9.1.1 যদি আপনি শিশু হিসেবে বিবেচিত হন (১৮ বছরের কম বয়স) এবং আপনার দায়িত্ব ও সুরক্ষার জন্য কোনো বৈধ অভিভাবক না থাকে তাহলে আপনাকে TUSLA শিশু ও পরিবার এজেন্সিতে স্থানান্তর করা হবে।
- 9.1.2 আপনাকে আইপিও কর্তৃক অনুষ্ঠিত একটি বয়স মূল্যায়ন সাক্ষাৎকারের মুখোমুখি হতে হবে। বয়স মূল্যায়ন সাক্ষাৎকার আপনার ভ্রমণ বৃত্তান্ত, পিতামাতার অবস্থান, শিক্ষার মান ও পরিপক্বতার স্তর সম্পর্কে কিছু মৌলিক বিষয় প্রতিষ্ঠিত করার জন্য পরিকল্পনা করা হয়েছে। এই সাক্ষাৎকার পরিচালনাকারী কর্মকর্তা আপনার বয়স আসলেই ১৮ এর নীচে কি না সেটি নির্ধারণ করবেন এবং এক্ষেত্রে প্রয়োজনে **TUSLA শিশু ও পরিবার এজেন্সির** সহযোগিতা নিবেন।
- 9.1.3 যদি আপনাকে TUSLA - শিশু ও পরিবার এজেন্সিতে স্থানান্তর করা হয় তখন আপনার সকল দায় দায়িত্ব TUSLA - শিশু ও পরিবার এজেন্সি বহন করবে এবং তারা আপনার বিষয়ে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করা বা অন্য কোনো বিষয়ে যেমন- পরিবারের সাথে পুনর্মিলন বা পিতামাতাকে খুঁজে বের করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- 9.2 **যদি TUSLA - শিশু ও পরিবার এজেন্সি আমার জন্য আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করে সেক্ষেত্রে প্রক্রিয়া কী হবে?**
- 9.2.1 প্রয়োজনীয় আইনি তথ্যের উপর ভিত্তি করে যদি TUSLA - শিশু ও পরিবার এজেন্সি - মনে করে যে আপনি প্রকৃত পক্ষে চান যে তারা আপনার পক্ষ থেকে আন্তর্জাতিক সুরক্ষা আবেদন করা হোক তাহলে তারা এই ধরনের আবেদন তৈরির জন্য এবং আপনার আবেদন ও পরীক্ষা প্রক্রিয়ায় সহায়তা করার জন্য TUSLA - শিশু ও পরিবার এজেন্সির একজন কর্মকর্তা বা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ দিবেন।
- 9.3 **১৮ বছরের নীচে কোনো শিশুকে আইনি সহায়তা বোর্ডে পাঠানোর প্রক্রিয়া কী?**
- 9.3.1 TUSLA - শিশু ও পরিবার এজেন্সি, LAB-এ যোগাযোগ করে আপনার জন্য প্রয়োজনীয় আইনি প্রতিবেদনের ব্যবস্থা করতে পারে। আপনার সাক্ষাৎকারে সহায়তা করার জন্য TUSLA - শিশু ও পরিবার এজেন্সি কর্তৃক বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## অধ্যায় 10

### ইইউ ডাবলিন রেগুলেশন

#### 10.1 ইইউ ডাবলিন রেগুলেশন কী?

- 10.1.1 ইইউ ডাবলিন রেগুলেশন হলো অংশগ্রহণকারী দেশসমূহের কাছে সাহায্য ও আশ্রয় প্রার্থনাকারী তৃতীয় কোনো দেশের কোনো ব্যক্তি বা কোনো দেশহীন ব্যক্তির আন্তর্জাতিক সুরক্ষা প্রার্থনার প্রেক্ষিতে প্রয়োজনীয় আইন কানুন, পদ্ধতি ও অন্যান্য ব্যবস্থা প্রণয়নের দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান।
- 10.1.2 আপনি যখন আইপিওতে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করবেন তখন আপনাকে ডাবলিন রেগুলেশন প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রদান করা হবে।
- 10.1.3 আপনি যখন ইইউ ডাবলিন রেগুলেশনের বিধানের অধীনে আসবেন তখন আপনাকে আপনার আবেদন যাচাই করার জন্য অংশগ্রহণকারী অন্য কোনো দেশে স্থানান্তর করা হতে পারে।

## অধ্যায় 11

### স্বেচ্ছায় ফেরত যাওয়ার সুযোগসমূহ

#### 11.1 আমি কি স্বেচ্ছায় আমার নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফিরে যাওয়ার সুযোগ পাব?

- 11.1.1 আবেদন প্রক্রিয়া চলাকালীন সময়ে বা আপনার আবেদন প্রত্যাখ্যানের পর যেকোনো সময় আপনি স্বেচ্ছায় আপনার নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফিরে যাওয়ার সুযোগ পাবেন। যদি আপনার সুরক্ষা আবেদন প্রত্যাহার করা হয়, সেক্ষেত্রেও আপনি স্বেচ্ছায় আপনার দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফিরে যাওয়ার সুযোগ পাবেন।
- 11.1.2 যদি মন্ত্রী আপনার সুরক্ষা আবেদন বাতিল হওয়ার বিষয়ে তার মতামত জানান তাহলে আপনার নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে যাওয়ার উপায় সম্পর্কে আপনাকে বিশেষভাবে অবহিত করা হবে। এই ক্ষেত্রে এই সুযোগটি নেয়ার জন্য আপনাকে অবশ্যই মন্ত্রীর মতামতের পাঁচ দিনের মধ্যে মন্ত্রী বরাবর লিখিতভাবে জানাতে হবে। আপনার সিদ্ধান্তপত্রে আপনার নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে স্বেচ্ছায় ফেরত যাওয়ার জন্য যার সাথে যোগাযোগ করতে হবে তার বিস্তারিত জানানো হবে।
- 11.1.3 আপনি যদি স্বেচ্ছায় আপনার নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফিরে যেতে চান তাহলে আপনি এ বিষয়ে আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (IOM) পরামর্শ সহায়তা নিতে পারবেন। অনুগ্রহ করে যোগাযোগের বিস্তারিত জানতে পরিশিষ্ট (Annex) দেখুন।
- 11.1.4 আইওএম (IOM) আপনাকে আয়ারল্যান্ড থেকে আপনার নিজের দেশে ফিরে যাওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্র পেতে সহায়তাসহ আর্থিক সহায়তাও করতে পারে। এছাড়াও, সকল প্রত্যাবর্তনকারীদের শিক্ষা, পেশাদার প্রশিক্ষণ বা ব্যবসা এর মত আয়ের উৎস তৈরি করার জন্য অল্প পরিমাণে অর্থ সহায়তাও করতে পারে।
- 11.1.5 আপনি যদি স্বেচ্ছায় নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফেরত যেতে না চান তাহলে মন্ত্রী আপনার বিরুদ্ধে বহিষ্কারাদেশ দেবেন এবং আপনাকে রাষ্ট্রে (আয়ারল্যান্ড) থেকে বিতাড়িত করা হবে। আপনি যদি বহিষ্কারাদেশ মানতে না চান তাহলে আপনার রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবস্থান করার কোনো আইনি ভিত্তি নেই।
- 11.1.6 বিচার এবং সমতা বিভাগ প্রশাসনিক ও অন্যান্য সহায়তা প্রদানের মাধ্যমে, স্বেচ্ছায় নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফিরে যেতে ইচ্ছুক সহায়তা অনুরোধকারী ব্যক্তিদের সরাসরি সহায়তা প্রদান করে।
- 11.1.7 স্বেচ্ছায় নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফিরতে সম্মত হলে আপনি যে সুযোগসমূহ পাবেন তা হলো আপনি পরবর্তীতে আবার রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) আসতে পারবেন যদি তেমন আইনি ভিত্তি তৈরি করতে পারেন। অপরদিকে, যদি কোনো ব্যক্তি রাষ্ট্রে (আয়ারল্যান্ড) থেকে বহিষ্কারাদেশ প্রাপ্ত হয়

সেক্ষেত্রে আইনত তাকে রাষ্ট্র (আয়ারল্যান্ড) ত্যাগ করতে হবে এবং রাষ্ট্রের (আয়ারল্যান্ড) বাহিরে থাকতে হবে (যতদিন পর্যন্ত বহিষ্কারাদেশ প্রত্যাহার করা না হয়)।

## অধ্যায় 12

### অন্যান্য তথ্যাবলী

#### 12.1 আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের অগ্রাধিকার পাওয়ার উপায়সমূহ কী কী?

12.1.1 মন্ত্রী যেকোনো আন্তর্জাতিক সুরক্ষা আবেদন অগ্রাধিকার ভিত্তিক বিবেচনায় নিতে পারেন যদি তিনি প্রয়োজনীয়তা ও স্বচ্ছতার ভিত্তিতে উপযুক্ত মনে করেন।

12.1.2 অগ্রাধিকার প্রদানের ক্ষেত্রে মন্ত্রী নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখবেন:

- (i) একজন আবেদনকারী প্রয়োজনীয় কাগজপত্র দিতে পারছে কি না এবং দিতে না পারলে তার সন্তোষজনক ব্যাখ্যা দিতে পারছে কি না।
- (ii) আবেদনকারী তার নিজের দেশ/প্রাক্তন বসবাস স্থান ত্যাগের পর যতগুলো দেশে গিয়েছে তার মধ্যে এই রাষ্ট্র (আয়ারল্যান্ড) সবচেয়ে নিরাপদ এর স্বপক্ষে যুক্তিসংগত ব্যাখ্যা প্রদান করতে পারছে কি না;
- (iii) আবেদনকারী তার ভ্রমণ ও রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) পৌঁছানো সম্পর্কে সত্য ও নির্ভরযোগ্য তথ্য দিতে পারছে কি না।
- (iv) এই রাষ্ট্র (আয়ারল্যান্ড) ব্যতীত অন্য কোথায় আবেদন করা হয়েছিল, আবেদনকারী কেন আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করছে সে সম্পর্কে যুক্তিসংগত ব্যাখ্যা দিতে পারছে কি না, শরণার্থী আইন ১৯৯৬ এর ধারা ৮ অনুসারে অনুযায়ী রাষ্ট্রের (আয়ারল্যান্ড) সীমান্তে আসার সাথে সাথে আবেদন দাখিল করেছে বা দেরিতে আবেদন করেছেন কি না। আয়ারল্যান্ডের সীমান্ত ব্যতীত অন্য কোথাও আবেদন করা হয়েছে কি না, আবেদনকারী কেন আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করছে সে সম্পর্কে যুক্তিসংগত ব্যাখ্যা দিতে পারছে কি না ইত্যাদি।
- (v) যদি আবেদনকারী আবেদনের সাথে সংশ্লিষ্ট পরিচয়পত্র বা কোনো কাগজপত্র জাল, ধ্বংস বা নিষ্পত্তি করে থাকে তাহলে এর স্বপক্ষে যুক্তিসংগত ব্যাখ্যা প্রদান করতে পারছে কি না।
- (vi) আবেদনকারী তার আবেদনের স্বপক্ষে কোন সুস্পষ্ট মিথ্যা স্বাক্ষর অথবা ভিন্নভাবে মৌখিক বা লিখিত মিথ্যা বিবৃতি সরবরাহ করেছেন কি না।
- (vii) আবেদনকারী যুক্তিসঙ্গত কারণ ছাড়া, তাদেরকে রাষ্ট্র (আয়ারল্যান্ড) থেকে বিতাড়িত করার জন্য বিজ্ঞাপন অনুসরণ করে আবেদন করেছেন কি না।
- (viii) আবেদনকারী তার সুরক্ষা প্রক্রিয়ায় সহযোগিতা করার দায়িত্ব পালন করেছে কি না।
- (ix) আবেদনকারী এমন ব্যক্তি কি না যাকে TUSLA - শিশু ও পরিবার এজেন্সি সুরক্ষা দিচ্ছে।

- (x) আবেদনকারী কোনো যুক্তিসংগত কারণ ছাড়াই আয়ারল্যান্ডে প্রবেশ ও অবস্থান করার নিয়ম ভঙ্গ করেছেন কি না।

## 12.2 আন্তর্জাতিক সুরক্ষা অফিসে আমার প্রদত্ত তথ্যসমূহ কী হবে?

- 12.2.1 যখন আপনি আপনার ব্যক্তিগত তথ্য আইপিওতে প্রদান করবেন তখন অফিসের বাধ্যবাধকতা হলো সেগুলো গোপন ও নিরাপদ রাখা।
- 12.2.2 তথ্য সুরক্ষা আইন ১৯৮৮ এবং ২০০৩ অনুযায়ী আপনি যেকোনো সময় আপনার প্রদত্ত তথ্য সংশোধন বা মুছে ফেলতে পারবেন।
- 12.2.3 তথ্য স্বাধীনতা আইন ২০১৪ অনুযায়ী নির্দিষ্ট বিরতি সাপেক্ষে আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবা কর্তৃক ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হয়।
- 12.2.4 তথ্য স্বাধীনতা আইন ২০১৪ সবার জন্য যে আইনি অধিকার প্রতিষ্ঠা করেছে তা হলো:
- সরকারি সংস্থাগুলোর কাছে থাকা তথ্যের প্রবেশাধিকার
  - নিজের অসম্পূর্ণ, ভুল বা বিভ্রান্তি থাকা অফিসিয়াল তথ্যের সংশোধন।
  - তাদের প্রভাবিত সিদ্ধান্তের কারণসমূহের ব্যাখ্যা পাওয়া।
- 12.2.5 ২০১৪ আইন জনসাধারণের সম্ভাব্য সর্বাধিক সরকারি তথ্য প্রাপ্তি, মানুষের চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ এবং ব্যক্তিগত গোপনীয়তা রক্ষার ঘোষণা দেয়।
- 12.2.6 তথ্য সুরক্ষা সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহপূর্বক আইপিও ওয়েবসাইট [www.ipa.gov.ie](http://www.ipa.gov.ie) দেখুন।

## অধ্যায় 13

### অবস্থানের অনুমতি

#### 13.1 আমি কিভাবে অবস্থান করার জন্য আবেদন করব?

- 13.1.1 আপনি যখন আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করবেন তখন মন্ত্রীর সিদ্ধান্ত নিতে সহায়ক সকল তথ্য প্রদান করবেন যাতে তিনি সিদ্ধান্ত নিতে পারেন আপনাকে অভিবাসী বা সহায়ক সুরক্ষার জন্য বিবেচনা করা হবে কি না। যদি এমন কিছু থাকে যেটি মন্ত্রীর বিবেচনার জন্য উল্লেখ করতে চান তাহলে সেটি যত দ্রুত সম্ভব আইপিওকে অবহিত করুন।
- 13.1.2 এই তথ্যাবলী আপনাকে আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রশ্নপত্রের যথাযথ স্থানে প্রদান করতে হবে। এর সাথে সংশ্লিষ্ট আপনার যেকোনো নথিপত্র (যেমন- বিয়ের সনদ, চারিত্রিক সনদ, যোগ্যতা সনদ ইত্যাদি) প্রদান করা উচিত। যদি আবেদন করার সময় এই সকল নথিপত্র আপনার কাছে না থাকে তাহলে সেগুলো পরবর্তীতে আইপিও কর্তৃক আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রতিবেদন তৈরি হওয়ার আগ পর্যন্ত জমা দিতে পারবেন।
- 13.1.3 অধিকন্তু, আপনার পরিস্থিতির কোনো পরিবর্তন সম্পর্কে আইপিওতে হালনাগাদ তথ্য প্রদান করা উচিত যা মন্ত্রীর সিদ্ধান্ত বা অবস্থানের অনুমোদনের সাথে সম্পর্কিত।
- 13.1.4 লক্ষ্য করুন যে, আইপিওতে আপনার পরীক্ষা হবে আপনার আন্তর্জাতিক সুরক্ষা বিষয়ক, অবস্থান বিষয়ক নয়। সাক্ষাৎকার গ্রহণকারী কর্মকর্তা আপনাকে এ সম্পর্কে ব্যতীত অন্য কোনো বিষয়ে প্রশ্ন করবেন না, তবে তা আপনার আবেদন গ্রহণের বিষয়ে মন্ত্রীর সিদ্ধান্তের সাথে সম্পৃক্ত বিষয়ে হতে পারে। যাহোক এমন কোনো বিষয় সাক্ষাৎকারে উঠে আসলে সেটির লিখিত রেকর্ড রাখা হবে এবং মন্ত্রীর সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হবে।

#### 13.2 কোন কোন তথ্যসমূহ মন্ত্রীর রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবস্থানের জন্য অনুমোদন দেওয়া না দেওয়া বিষয়ক সিদ্ধান্তের সাথে সম্পর্কিত?

- 13.2.1 মন্ত্রী আপনার প্রদত্ত যেকোনো তথ্যসহ আন্তর্জাতিক সুরক্ষা আবেদনে উপস্থাপিত সংশ্লিষ্ট তথ্য এবং আপনার প্রাথমিক সাক্ষাৎকার ও ব্যক্তিগত আন্তর্জাতিক সাক্ষাৎকারে প্রদত্ত যেকোনো তথ্য সুপারিশের জন্য বিবেচনা করবেন।
- 13.2.2 মন্ত্রী আপনার পারিবারিক এবং ব্যক্তিগত সকল বিষয় এবং আপনার ব্যক্তিগত ও পারিবারিক বিষয়ের প্রতি সম্মানকে বিবেচনায় নিবেন এবং আরো যেসব বিষয় বিবেচনায় নেবেন তা হলো:
- রাষ্ট্রের (আয়ারল্যান্ড) সাথে আপনার সম্পর্কের ধরন (যদি থাকে),
  - মানবিক বিবেচনা,
  - রাষ্ট্রে এবং রাষ্ট্রের (আয়ারল্যান্ড) বাইরে আপনার চরিত্র ও আচরণ,

- (iv) জাতীয় নিরাপত্তা আইন শৃঙ্খলা পরিস্থিতি, এবং
- (v) অন্য যেকোনো সাধারণ বিষয় বিবেচনা।

13.2.3 এছাড়াও মন্ত্রী আপনার রিফাউলমেন্ট নিষিদ্ধকরণ বিষয়ক সকল বিষয় বিবেচনায় নিবেন (অনুচ্ছেদ 2.7.1 দেখুন)।

### 13.3 যদি আমার অবস্থানের আবেদন প্রত্যাখ্যাত হয় তাহলে কী হবে?

- 13.3.1 যদি আপনি আইপিএটিতে আপনার সুরক্ষার আবেদন সুপারিশের জন্য আপিল না করার সিদ্ধান্ত নেন এবং যদি মন্ত্রী আপনার অবস্থানের আবেদন প্রত্যাখ্যান করে তাহলে আপনি আর রাষ্ট্রে (আয়ারল্যান্ড) থাকতে পারবেন না এবং আপনার টিআরসি (TRC) বাতিল হয়ে যাবে এবং আপনাকে অবশ্যই যত দ্রুত সম্ভব আপনার টিআরসিটি আইপিওতে জমা দিতে হবে।
- 13.3.2 আপনাকে স্বেচ্ছায় আপনার নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফিরে যাওয়ার সুযোগ দেয়া হবে এবং আপনি রাষ্ট্রে (আয়ারল্যান্ড) ত্যাগ করার সিদ্ধান্ত নেয়ার সাথে সাথে তা আইপিও এবং আইএনআইএসকে (INIS) জানাতে হবে।
- 13.3.3 আপনি যদি স্বেচ্ছায় আপনার নিজের দেশে/প্রাক্তন বসবাস স্থানে ফিরে যেতে না চান তাহলে সেক্ষেত্রে মন্ত্রী আপনাকে দেশ প্রত্যাবর্তনের ও অনির্দিষ্ট কালের জন্য দেশের বাইরে থাকার বহিষ্কারাদেশ প্রদান করবেন।

### 13.4 যদি আমি অবস্থানের অনুমোদন পাই তাহলে কী হবে?

- 13.4.1 যদি আপনি অবস্থানের অনুমোদন পান তাহলে আপনাকে লিখিত আকারে আপনার সকল প্রয়োজনীয় পদক্ষেপ ও বাধ্যবাধকতা সম্পর্কে জানানো হবে।

### 13.5 কিভাবে প্রত্যাখ্যাত অবস্থান অনুমতি "পর্যালোচনা" করা যায়?

- 13.5.1 আপনি আপনার প্রত্যাখ্যাত অবস্থান অনুমতির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন না।
- 13.5.2 যদি আইপিও কর্তৃক আপনার আন্তর্জাতিক সুরক্ষা আবেদন প্রত্যাখ্যাত হয়, তাহলে আপনি আইপিএটিতে আপিল প্রক্রিয়ার করার তথ্য পাবেন। আপনি যদি আইপিএটিতে আপিল করেন কিন্তু এটি যদি আইপিওর নেতিবাচক সুপারিশ সমর্থন করে সেক্ষেত্রে এটি সম্পন্ন করার জন্য আপনি একটি অবস্থান করার অনুমোদন পর্যালোচনা (Permission to Remain Review) ফরম পাবেন। এই ফরম পূরণ করে ফেরত দেওয়ার সময়সীমা এই ফরমের সাথে আপনাকে প্রদান করা হবে।
- 13.5.3 অবস্থানের জন্য মন্ত্রীর প্রাথমিক অনুমতি ও আপনার আন্তর্জাতিক সুরক্ষা আপিলের জন্য আইপিএটি এর সিদ্ধান্তের সময়ের মধ্যে যদি আপনার অবস্থার কোনো পরিবর্তন হয়, যা মন্ত্রীর প্রাথমিক সিদ্ধান্তের সাথে সংশ্লিষ্ট, তাহলে যত দ্রুত সম্ভব বুঝতে পারার সাথে সাথে তা মন্ত্রীকে অবহিত করুন।

13.5.4 যদি আপনি আপনার অবস্থার পরিবর্তন নির্দেশিত অবস্থান সিদ্ধান্তে মন্ত্রীর প্রাথমিক অনুমতির সাথে সংশ্লিষ্ট কোনো তথ্য জমা দেন, তাহলে মন্ত্রী আপনার অবস্থানের অনুমতিতে তার সাম্প্রতিক সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন। মন্ত্রী পুনরায় উপরের **13.2.2 অনুচ্ছেদে** উল্লেখিত বিষয় এবং আপনার প্রদত্ত যেকোনো সহায়ক তথ্য পুনর্বিবেচনা করবেন। উল্লেখিত সম্পূর্ণ তথ্য ছাড়াও মন্ত্রী আপনার দ্বারা উত্থাপিত রিফাউলমেন্ট নিষিদ্ধকরণের বিষয়টিও বিবেচনা করবেন।

13.5.5 আপনার অবস্থানের বিষয়ে সিদ্ধান্ত পর্যালোচনা করার মাধ্যমে মন্ত্রী আপনাকে একটি নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী বসবাসের অনুমোদন দিতে পারে আবার নাও দিতে পারে। মন্ত্রীর সিদ্ধান্তের বিষয়ে আপনাকে কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে জানানো হবে।

### **13.6 আমি যদি অবস্থানের অনুমতি পাই তদুপরি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আইপিও থেকে আইপিএটিতে আবেদন করি তাহলে কী হবে?**

13.6.1 এর পরেও আপনি নিজেকে স্থানীয় অভিবাসন নিবন্ধন অফিসে রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) থাকার জন্য নিবন্ধন করতে পারেন। যদিও আপনি আন্তর্জাতিক সুরক্ষার আবেদনকারী হিসেবে সুরক্ষা বিষয়ক সিদ্ধান্তের জন্য আপিল করেন তবুও আপনি আইপিএটি কর্তৃক আপনার আবেদনের ফলাফল না পাওয়া পর্যন্ত কোনো চাকুরি বা ব্যবসায় জড়িত হতে পারবেন না।

### **13.7 সিদ্ধান্ত পুনর্বিবেচনার পর আমাকে যদি অনুমতি না দেয়া হয় তাহলে কী হবে?**

13.7.1 যদি আপনার আবেদন প্রত্যাখ্যাত হয় তাহলে আপনি আর রাষ্ট্রে (আয়ারল্যান্ডে) থাকতে পারবেন না। আপনার টিআরসি বাতিল হয়ে যাবে এবং আপনাকে অবশ্যই যত দ্রুত সম্ভব আপনার টিআরসিটি আইপিওতে জমা দিতে হবে।

13.7.2 আপনাকে স্বেচ্ছায় আপনার দেশে/আপনার প্রাক্তন বসবাস স্থানে ফিরে যাওয়ার সুযোগ দেয়া হবে এবং আপনি যদি স্বেচ্ছায় রাষ্ট্রে (আয়ারল্যান্ড) ছাড়ার সিদ্ধান্ত নেন তাহলে আপনাকে অবশ্যই তা আইপিও এবং INIS -কে জানাতে হবে।

13.7.3 আপনি যদি স্বেচ্ছায় আপনার দেশে/আপনার প্রাক্তন বসবাস স্থানে ফিরে যেতে না চান তাহলে সেক্ষেত্রে মন্ত্রী আপনাকে দেশ ছাড়ার ও অনির্দিষ্ট কালের জন্য রাষ্ট্রের (আয়ারল্যান্ড) বাইরে থাকার বহিষ্কারাদেশ প্রদান করবেন।

## অধ্যায় 14 পারিবারিক পুনর্মিলনী

### 14.1 পারিবারিক পুনর্মিলনী কী?

14.1.1 যদি মন্ত্রী আপনাকে শরণার্থী বা অন্যান্য সুরক্ষার জন্য অনুমোদন দেয় সেক্ষেত্রে আপনি আপনার মঞ্জুরীর দিন হতে এক বছরের মধ্যে মন্ত্রীর অনুমতির জন্য আবেদন করতে পারেন আপনার পরিবারের নির্দিষ্ট সদস্যদের

- রাষ্ট্রে (আয়ারল্যান্ড) প্রবেশ ও বসবাসের জন্য যদি আবেদনের তারিখে বাহিরে থেকে থাকেন; বা
- রাষ্ট্রে (আয়ারল্যান্ড) থাকতে ও বসবাস করার জন্য যদি ইতোমধ্যে রাষ্ট্রে (আয়ারল্যান্ড) থাকেন।

### 14.2 কোনো সময়সীমা আছে কি?

14.2.1 আপনার পরিবারের অন্যান্য সদস্যদের আপনার সাথে যোগ দেওয়ার জন্য আপনার অভিবাসন অথবা সহায়ক সুরক্ষা মঞ্জুরীর দিন হতে **১২ মাসের** মধ্যে আপনাকে অবশ্যই আবেদন জমা দিতে হবে।

### 14.3 পরিবারের সদস্য কে?

14.3.1 পরিবারের সদস্যদের সম্পর্কে স্পষ্টভাবে ব্যাখ্যা করা আছে, তারা হলো:

- (i) স্বামী/স্ত্রী, আইনি সঙ্গী যার সাথে আপনি আপনার সুরক্ষার আবেদন মঞ্জুর হওয়ার সময় বিবাহিত ছিলেন।
- (ii) আইনি সঙ্গী যার সাথে আপনি আপনার সুরক্ষার আবেদন মঞ্জুর হওয়ার সময় আইনিভাবে সম্পর্কে জড়িত ছিলেন।
- (iii) ১৮ বছরের নীচে অবিবাহিত শিশু, আবেদনকারীর বাবা-মা বা ১৮ বছরের কম বয়স্ক শিশু
- (iv) আবেদনকারীর কোনো সন্তান যার বয়স পারিবারিক পুনর্মিলনীর আবেদনের তারিখে ১৮ বছরের নীচে এবং অবিবাহিত।

### 14.4 আমি আমার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনপত্র ও প্রমাণবলীতে কোনো কোনো তথ্য যুক্ত করব?

14.4.1 আপনি যখন আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করবেন তখন অবশ্যই আপনার পরিবারের সেই সব সদস্যদের কথা উল্লেখ করবেন যারা আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন গৃহীত হলে পারিবারিক পুনর্মিলনীর জন্য বিবেচিত হবেন (**অনুচ্ছেদ 14.3 দেখুন**)।

14.4.2 আপনি অবশ্যই আপনার পরিবারের সদস্যদের বিষয়ে সংশ্লিষ্ট তথ্য আন্তর্জাতিক সুরক্ষা প্রস্তুতপত্রে উল্লেখ করবেন।

14.4.3 আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন ও প্রশ্নপত্র সম্পাদন করার সময় আপনার পরিবারের সদস্যদের সম্পর্কে বিস্তারিত বর্ণনা দেওয়া এবং প্রয়োজনীয় কাগজপত্র যেমন- বিবাহের সনদ, জন্ম সনদ ইত্যাদি সরবরাহ করা খুবই গুরুত্বপূর্ণ।

#### **14.5 আমি কিভাবে পারিবারিক পুনর্মিলনের জন্য আবেদন করতে পারব?**

14.5.1 আপনাকে যদি অভিবাসী বা সহায়ক সুরক্ষার জন্য অনুমতি দেওয়া হয় এবং আপনি **14.3** অনুচ্ছেদে উল্লেখিত সদস্যদের জন্য পারিবারিক পুনর্মিলনের আবেদন করতে চান, তাহলে আপনার Family Reunification Unit (INIS) বরাবর নিম্নোক্ত ঠিকানায় লিখিত আবেদন করা উচিত:

**Family Reunification Unit  
Irish Naturalisation and Immigration Service  
13/14 Burgh Quay  
Dublin 2  
D02 XK70**

14.5.2 আরো তথ্য [www.inis.gov.ie](http://www.inis.gov.ie) -এ পাওয়া যাবে।

**মনে রাখবেন যে আপনার অভিবাসী বা অন্যান্য সুরক্ষা মঞ্জুর হওয়ার 12 মাসের মধ্যে পারিবারিক পুনর্মিলনের আবেদন করতে হবে।**

## অধ্যায় 15

### আপনার আবাসন

#### 15.1 অভ্যর্থনা/আবাসনের তথ্য

- 15.1.1 আপনি যখন আইপিওতে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করবেন তখন আপনার প্রাথমিক তথ্যাবলী অভ্যর্থনা এবং একত্রীকরণ এজেন্সিতে (RIA) পাঠানো হবে যারা রাষ্ট্র প্রদত্ত আবাসনের ব্যবস্থা করে এবং আন্তর্জাতিক সুরক্ষার আবেদনকারীদের সকল খাবার সরবরাহ করে।
- 15.1.2 যদি আপনার আবাসনের দরকার হয় তাহলে আপনার বিস্তারিত বিষয় নোট করা হবে এবং আপনাকে আবাসনের সুবিধা দেওয়া হতে পারে। যদি আপনি এই প্রস্তাব গ্রহণ করেন তাহলে আপনাকে একটি অভ্যর্থনা কেন্দ্রে পরিবহন সুবিধা দেওয়া হবে এবং আপনি সেখানে সাধারণত তিন সপ্তাহের বেশি থাকতে পারবেন না।
- 15.1.3 অভ্যর্থনা কেন্দ্রে অল্প কিছু দিন থাকার আপনাকে একটি বাসস্থানে নিয়ে যাওয়া হবে। আপনাকে কোথায় নিয়ে যাওয়া হবে সে বিষয়ে আপনার মতামত নেওয়া হবে না।
- 15.1.5 যে আবাসন কেন্দ্রে আপনাকে স্থানান্তর করা হয়েছে সেখানে আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন সম্পূর্ণ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত (প্রয়োজ্য ক্ষেত্রে পুনর্বিবেচনার আবেদনসহ) বসবাস করতে পারবেন, অথবা আপনি আপনার নিজের খরচে ব্যক্তিগত আবাসনের ব্যবস্থা করতে পারবেন।
- 15.1.6 লক্ষ্য করুন যে আপনি ব্যক্তিগত আবাসনের ব্যবস্থা করেন তাহলে অবশ্যই আপনার অবস্থানের বিষয়ে আইপিওকে জানাবেন।
- 15.1.7 কোনো আবাসন কেন্দ্রে বা অভ্যর্থনা কেন্দ্রে থাকার ক্ষেত্রে আপনাকে ওই কেন্দ্রের সকল নিয়মকানুন মেনে চলতে হবে।
- 15.1.8 যদি সংস্থা আপনার জন্য বিকল্প আবাসনের ব্যবস্থা করতে পারে সেক্ষেত্রে আপনি RIA -এর মাধ্যমে আপনার অফিসিয়ালি প্রদত্ত বাসা পরিবর্তনের আবেদন করতে পারবেন।
- 15.1.9 অভ্যর্থনা এবং একত্রীকরণ এজেন্সির ওয়েবসাইট [www.ria.gov.ie](http://www.ria.gov.ie) -এ আরো তথ্য পাওয়া যাবে।

## পরিশিষ্ট (ANNEX)

### যোগাযোগের ঠিকানা

আপনার আন্তর্জাতিক সুরক্ষা সম্পর্কিত আবেদনের বিষয়ে মেসব রাষ্ট্র ও অন্যান্য সংস্থাসমূহের সাথে যোগাযোগ করার প্রয়োজন হতে পারে:

সংস্থা	কার্যক্রম
<p>Irish Naturalisation and Immigration Service, Department of Justice and Equality. 13 – 14 Burgh Quay, Dublin 2. D02 XK70</p> <p>টেলিফোন: +353 1 616 7700 Lo-Call: 1890 551 500 ওয়েবসাইট: <a href="http://www.inis.gov.ie">www.inis.gov.ie</a></p>	<p>আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবা (INIS) হল বিচার এবং সমতা বিষয়ক মন্ত্রীর রাজনৈতিক আশ্রয়, অভিবাসন (ভিসাসহ), এবং নাগরিকত্ব সম্পর্কিত প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করার জন্য দায়বদ্ধ প্রতিষ্ঠান। আইএনআইএস সমগ্র রাষ্ট্রের পক্ষে অভিবাসন ও রাজনৈতিক আশ্রয় সম্পর্কিত কার্যক্রমকে সহজতর ও কার্যকর করার জন্য কাজ করে থাকে।</p>
<p>International Protection Office Irish Naturalisation and Immigration Service, 79-83 Lower Mount Street, Dublin 2. D02 ND99</p> <p>টেলিফোন: +353 1 602 8000 ফ্যাক্স: + 353 1 602 8122 ইমেইল: <a href="mailto:info@ipo.gov.ie">info@ipo.gov.ie</a> ওয়েবসাইট: <a href="http://www.ipo.gov.ie">www.ipo.gov.ie</a></p>	<p>International Protection Office (IPO) মূলত আন্তর্জাতিক সুরক্ষা আইন ২০১৫ এর অধীনে একজন ব্যক্তি আয়ারল্যান্ডে রাজনৈতিক আশ্রয় পাবে কি না সে বিষয়ে সুপারিশ তৈরি করে। যদি একজন আবেদনকারীর জন্য সুরক্ষা প্রযোজ্য না হয় আইপিও সে ক্ষেত্রে উক্ত ব্যক্তি অন্য কোনোভাবে বা রিফাউলমেন্ট হিসেবে আয়ারল্যান্ডে অবস্থান করতে পারবেন কি না সেটি বিবেচনা করে।</p>
<p>International Protection Appeals Tribunal 6/7 Hanover Street, Dublin 2. D02 W320</p> <p>টেলিফোন: +353 1 474 8400 Lo-Call: 1890 210 458 ফ্যাক্স: +353 1 474 8410 ইমেইল: <a href="mailto:info@protectionappeals.ie">info@protectionappeals.ie</a> ওয়েবসাইট: <a href="http://www.protectionappeals.ie">www.protectionappeals.ie</a></p>	<p>আন্তর্জাতিক সুরক্ষা আপিল ট্রাইব্যুনাল (IPAT) এর মূল কাজ হচ্ছে নেতিবাচক সুপারিশসমূহ পুনর্বিবেচনা করা। পুনর্বিবেচনার আবেদন আইপিএটির একজন সদস্য কর্তৃক পরিচালিত হয়।</p>

সংস্থা	কার্যক্রম
<p>Reception and Integration Agency. P.O. Box 11487 Dublin 2.</p> <p>টেলিফোন: + 353 1 418 3200 ফ্যাক্স: +353 1 4183271 ইমেইল: RIA_Inbox@justice.ie ওয়েবসাইট: www.ria.gov.ie</p>	<p>অভ্যর্থনা এবং একত্রীকরণ এজেন্সি (RIA) সুরক্ষা আবেদনকারীদের আবাসন ও সংশ্লিষ্ট অন্যান্য সেবা দেওয়ার জন্য দ্বায়বদ্ধ প্রতিষ্ঠান। সুরক্ষা আবেদনকারীর আবাসন, স্বাস্থ্যসেবা, শিক্ষা ও বীমা এই সেবার অন্তর্ভুক্ত।</p>
<p>United Nations High Commissioner for Refugees. 102 Pembroke Road, Ballsbridge, Dublin 4. D04 E7N6</p> <p>টেলিফোন: 01 631 4510 ওয়েবসাইট: <a href="http://www.unhcr.org">www.unhcr.org</a></p>	<p>অভিবাসীদের স্বার্থ সুরক্ষার জন্য ১৯৫১ সালে শরণার্থী সংক্রান্ত জাতিসংঘের হাই কমিশনার (UNHCR) প্রতিষ্ঠিত হয়েছিল। ইউএনএইচসিআর এর কার্যক্রম মানবিক, সামাজিক ও অরাজনৈতিক হিসেবে সংজ্ঞায়িত। এর মূল কাজ হচ্ছে শরণার্থীদেরকে আন্তর্জাতিক সুরক্ষা দেওয়া, তাদের দুর্দশার স্থায়ী সমাধান খুঁজে বের করা এবং তাদেরকে প্রাসঙ্গিক সহায়তা প্রদান করা। সুরক্ষার মধ্যে রিফাউলমেন্ট, যেমন অভিবাসীদের এমন কোনো দেশে ফেরত পাঠানো যেখানে দুর্দশাগ্রস্ত হওয়ার ভয় রয়েছে, প্রতিরোধ করা। প্রথম আবেদন এবং পুনর্বিবেচনার আবেদন, উভয়ক্ষেত্রেই সকল কার্যক্রম সম্পর্কে ইউএনএইচসিআরকে অবহিত করতে হয়। ইউএনএইচসিআর যেকোনো সাক্ষাৎকার বা পুনর্বিবেচনার শুনানিতে অংশগ্রহণ করতে পারে এবং কোনো আবেদনের জন্য সুপারিশ করতে পারে।</p>
<p>International Organisation for Migration. 116 Lower Baggot Street, Dublin 2. D02 R252</p> <p>Freephone: 1800 406 406 টেলিফোন: +353 1 676 0655 ইমেইল: iomdublin@iom.int ওয়েবসাইট: <a href="http://www.ireland.iom.int/">www.ireland.iom.int/</a></p>	<p>আন্তর্জাতিক অভিবাসী সংস্থা (IOM) শরণার্থীদের গোপনীয় সহায়তা প্রদান করে এবং ইউরোপীয় নয় এমন অর্থনৈতিক অঞ্চলের (EEA) অনিয়মিত অভিবাসী যারা স্বেচ্ছায় তাদের দেশে ফিরে যেতে চান কিন্তু তাদের কোনো উপায় বা ভ্রমণ সম্পর্কিত কাগজপত্র নেই তাদের জন্য জন্য এই সব জিনিসের ব্যবস্থা করে দেন।</p>

সংস্থা	কার্যক্রম
<p>Legal Aid Board (Smithfield). 48/49 North Brunswick Street, Georges Lane, Dublin 7. D07 PE0C</p> <p>টেলিফোন: (01) 646 9600 ফ্যাক্স: (01) 671 0200 ইমেইল: <a href="mailto:lawcentresmithfield@legalaidboard.ie">lawcentresmithfield@legalaidboard.ie</a></p> <p>Legal Aid Board (Cork) Popes Quay Law Centre, North Quay House, Popes Quay, Cork T23 TV0C</p> <p>টেলিফোন: + 353 21 455 16 86 ফ্যাক্স: +353 21 455 1690 ইমেইল: <a href="mailto:lawcentrecorknorth@legalaidboard.ie">lawcentrecorknorth@legalaidboard.ie</a></p> <p>Galway Law Centre (Seville House) Seville House New Dock Road Galway H91 CKVO টেলিফোন: +353 91 562 480 ফ্যাক্স: +353 91 562 599 ইমেইল: <a href="mailto:lawcentresevillehouse@legalaidboard.ie">lawcentresevillehouse@legalaidboard.ie</a></p>	<p>আয়ারল্যান্ডের আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীরা নাগরিক আইনি সহায়তা ও সুরক্ষার জন্য তাদের আবেদন ও আপিলে, প্রয়োজনে আন্তর্জাতিক সুরক্ষা আপিল ট্রাইব্যুনালে সাহায্য পাওয়ার জন্য আবেদন করতে পারেন।</p>
<p>Team for Separated Children Seeking Asylum, TUSLA- Child and Family Agency Sir Patrick Dun's Hospital, Lower Grand Canal Street, Dublin 2. D02 P667</p> <p>টেলিফোন: +353 1 647 7000 ফ্যাক্স: +353 1 647 7008 ওয়েবসাইট: <a href="http://www.tusla.ie">www.tusla.ie</a></p>	<p>আন্তর্জাতিক সুরক্ষাপ্রার্থী সঙ্গীহীন শিশুদের জন্য TUSLA - শিশু ও পরিবার এজেন্সি তাৎক্ষণিকভাবে আবাসন, চিকিৎসা এবং সামাজিক প্রয়োজনীয়তা পূরণের জন্য দ্বায়বদ্ধ প্রতিষ্ঠান।</p>

সংস্থা	কার্যক্রম
<p>The Irish Red Cross Society. 16 Merrion Square North, Dublin 2. D02 XF85</p> <p>টেলিফোন: +353 1 642 4600 ফ্যাক্স: +353 1 661 4461 ইমেইল: <a href="mailto:info@redcross.ie">info@redcross.ie</a> ওয়েবসাইট: <a href="http://www.redcross.ie">http://www.redcross.ie</a></p>	<p>আইরিশ রেড ক্রস তার স্বেচ্ছাসেবকদের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জরুরি ত্রাণ ও মানবিক সহায়তা প্রদান করে থাকে।</p>